[BENGÁLÍ.]

*First Series.*] [*No.* 38.

# THE VOICE OF THE BIBLE

## CONCERNING IDOLATRY.

---

## প্রতিমা পূজাবিষয়ক বাইবেলোক্ত বিচার।

"এই সকল ঈশ্বরের সত্য বাক্য।"

SAHITYA PA...
১৩৮
LIBRARY.



CALCUTTA:

PRINTED FOR THE CALCUTTA CHRISTIAN TRACT AND BOOK SOCIETY

BY J. THOMAS, AT THE BAPTIST MISSION PRESS.

1st Ed.]. 1851. [5000 *copies.*

# পাঠকগণের প্রতি।

এই ক্ষণে এতদ্দেশে বাইবেল পুস্তক সর্ব্বত্র প্রচারিত হইয়াছে ইহা প্রায় সকলেই জ্ঞাত আছে। সেই এক মাত্র সত্য শাস্ত্র, তাহাতেই যীশু খ্রীষ্ট কর্তৃক মনুষ্যদিগের পরিত্রাণের পথ অতি সুস্পষ্টরূপে নির্দ্দিষ্ট আছে ইহা নিশ্চয় জানিবা। আর জগতের মধ্যে যত প্রকার প্রতিমা পূজা প্রচলিত আছে সে সকল নিতান্ত অলীক ও অপকৃষ্ট আর ঈশ্বরের ঘৃণার্হ ও মনুষ্যদের সুখ বিনাশের হেতু প্রযুক্ত ঐ ধর্ম্মশাস্ত্রে তাহা করিতে বারম্বার নিষেধ করিয়াছে। তোমাদের সুগোচরার্থে তদ্বিষয়ে তাহার অনেক প্রমাণ এই ক্ষুদ্র পুস্তকে সংগৃহীত হইল। অতএব এই সকল কথা তোমাদের মনোযোগের যোগ্য নিমিত্ত তোমাদিগকে বিশেষ বিবেচনা পূর্ব্বক পাঠ করিতে অনুরোধ করি। ফলতঃ আমার প্রার্থনা এই যে, নিত্য বর্ত্তমান ও সত্যময় পরমেশ্বর কৃপাপূর্ব্বক তাঁহার এই সকল বাক্যদ্বারা তোমাদের হৃদয়ে জ্ঞানালোক প্রকাশ করত প্রতিমা পূজাহইতে তোমাদের মনের নিরোধ করিয়া তাঁহার আপনার সেবাতে নিযুক্ত করুন যেন তোমরা ত্রাণকর্ত্তা প্রভু যীশু খ্রীষ্টকৃত পরিত্রাণ প্রাপ্ত হইয়া ইহকালে ও পরকালে সুখী হও।

জর্জ পিয়ার্স।

# প্রতিমা পূজাবিষয়ক বাইবেলোক্ত বিচার।

১ অধ্যায়।

## প্রতিমার অলীকত্ব।

হে পৃথিবি, হে পৃথিবি, হে পৃথিবি, তুমি পরমেশ্বরের কথা শুন। ১

বস্তুতঃ দেবতা কিছু নাই, এবং এক ঈশ্বরো দ্বিতীয়ো নাস্তি, ইহা আমরা জানি। যদ্যপি অনেক দেবতা ও অনেক প্রভু আছে. এবং আকাশ ও পৃথিবীতে ঈশ্বর নামে অনেক বস্তু আছে; তথাপি আমাদের অদ্বিতীয় ঈশ্বর মাত্র আছেন। ২

হে পরমেশ্বর, আমাদিগকে নয়, আমাদিগকে নয়. কিন্তু তোমার অনুগ্রহ ও সত্যতার নিমিত্তে তোমার নামকে মহিমা দত্ত হউক। এখন তাহাদের ঈশ্বর কোথায়? অন্য দেশীয়েরা কেন এমত কথা বলে? আমাদের ঈশ্বর স্বর্গে থাকিয়া আপন ইচ্ছানুসারে তাবৎ কর্ম্ম করেন। কিন্তু তাহাদের প্রতিমা সুবর্ণ ও রৌপ্যময় ও মানুষের হস্তকৃত। তাহাদের মুখ থাকিতেও কথা কহিতে পারে

---

১ যির। ২২; ২৯। ২ ১ ক। ৮; ৪, ৫, ৬।

না, ও চক্ষু থাকিতেও দেখিতে পায় না। এবং কর্ণ থাকিতেও শুনিতে পায় না, ও নাসিকা থাকিতেও আঘ্রাণ পায় না। এবং হস্ত থাকিতেও স্পর্শ করিতে পারে না, ও পদ থাকিতেও গমন করিতে পারে না, এবং গলার নলী দিয়া কথা কহিতে পারে না। যেমন তাহারা, তাহাদের নির্ম্মাণকর্ত্তারা এবং তাহাদের প্রতি বিশ্বাসকারি সকলও তদ্রূপ। ১

লোকদের বিধি মিথ্যা; কারুকরগণ বনের বৃক্ষ ছেদন করিয়া অস্ত্রদ্বারা স্বহস্তে প্রতিমাগণকে নির্ম্মাণ করে। পরে রূপা ও সুবর্ণেতে তাহাদিগকে অলঙ্কৃত করে; এবং তাহারা যেন নিশ্চল হয় এই নিমিত্তে হাতুড়ি দিয়া তাহাদিগকে প্রেকে বদ্ধ করে। ইহাতে তাহারা তাল বৃক্ষের ন্যায় আড়ষ্ট হইয়া থাকে; তাহারা কথা কহিতে অসমর্থ ও চলিতে অশক্ত, এ কারণ তাহাদিগকে বহিতে হয়; অতএব তাহাদের হইতে ভীত হইও না, তাহারা ক্ষতি করিতে পারে না, এবং মঙ্গল করিতে তাহাদের ক্ষমতা নাই। ২

লোক তোড়াহইতে স্বর্ণ বাহির করে, ও নিক্তিতে তাহা তৌল করে; এবং স্বর্ণকারকে বানী দিলে, সে তাহাদ্বারা এক দেবতা নির্ম্মাণ করে, তাহাতে তাহারা তাহার কাছে হাঁটু পাতিয়া তাঁহার পূজা করে। এবং তাহাকে স্কন্ধে করিয়া বহন করে, ও স্বস্থানে রাখিলে সে দণ্ডায়মান হয়, কিন্তু সে আপন স্থানহইতে গমন করে

---

১ গী। ১১৫; ২-৮। ২ যির। ১০; ৩-৫।

না, এবং কেহ তাহার কাছে প্রার্থনা করিলে উত্তর দেয় না, ও তাহাকে বিপদহইতেও উদ্ধার করে না। ১

---

২ অধ্যায়।

## পৌত্তলিকদের নির্ব্বোধতা।

প্রতিমা খোদক তাবৎ লোকই অসার ; তাহাদের সেই সুন্দর প্রতিমাগণেতে কিছু ফল নাই। যে কেহ দেবতা নির্ম্মাণ করে ও অকর্ম্মণ্য প্রতিমা স্থাপন করে, সে যেন লজ্জিত হয়, এই নিমিত্তে তাহারা যে কিছু দেখিতে পায় না ও বুঝিতে পারে না, ইহা আপনারা সাক্ষ্য দিতেছে। ২

এবং যে ছুতার সূত্রপাত করে ও অস্ত্রের দ্বারা তাহার আকারের চিহ্ন দেয়, ও তীক্ষ্ণ অস্ত্রদ্বারা সেই কর্ম্ম করে, এবং কোম্পাস দিয়া তাহার আকারের পরিমাণ করে, এবং আপন বাটীতে রাখিবার জন্যে মনুষ্যের আকার ও সৌন্দর্য্যানুসারে তাহা নির্ম্মাণ করে। সে আপন কার্য্যের নিমিত্তে এরস্ বৃক্ষ ছেদন করে, এবং তর্সা ও অলোন্ বৃক্ষ গ্রহণ করে, ও বন বৃক্ষদের মধ্যে এক দৃঢ় বৃক্ষ মনোনীত করে। এবং ওরণ বৃক্ষ রোপিত ও বৃষ্টি-দ্বারা পালিত হইলে দগ্ধ করণার্থে মনুষ্যের অধিকার হয়। সে তাহার কিছু লইয়া আগুণ পোহায়, এবং তাহাদ্বারা তুন্দুর তপ্ত করিয়া রুটী প্রস্তুত করে, এবং তাহাদ্বারা এক দেবতা নির্ম্মাণ করিয়া তাহার ভজনা

---

১ যিশ। ৪৬ ; ৬, ৭। ২ যিশ। ৪৪ ; ৯।

করে, এবং সেই খোদিত প্রতিমা প্রস্তুত করিয়া তাহার কাছে দণ্ডবৎ হয়। এবং তাহার কিছু অগ্নিতে দগ্ধ করে, ও আর কিছুতে মাংস পাক্ক করিয়া ভোজন করে, ও মাংস পাক করিয়া তৃপ্ত হয়, এবং আর কিছুতে আগুণ পোহাইয়া কহে, আহা, আমি এখন উষ্ণ হইলাম, ও অগ্নি দেখিতে পাইলাম। এই সকল হইলে যে অবশিষ্ট থাকে, তাহাদ্বারা এক দেবতা অর্থাৎ খোদিত প্রতিমা নির্ম্মাণ করিয়া তাহার কাছে দণ্ডবৎ হয়, ও তাহাকে পূজা করে, এবং তাহার কাছে প্রার্থনা করিয়া কহে, তুমি আমাকে নিস্তার কর, কেননা তুমি আমার দেবতা। তাহারা জানে না ও বুঝে না, তাহাদের চক্ষু মুদ্রিত হইলে তাহারা দেখিতে পার না; ও তাহাদের অন্তঃকরণ মুদ্রিত হইলে তাহারা বুঝিতে পারে না। আমি যাহার এক খণ্ড জ্বালাইয়া তাহার অঙ্গারে রুটী পাক করিয়াছি ও মাংস পাক করিয়া ভোজন করিয়াছি, এখন তাহার অবশিষ্ট কাষ্ঠদ্বারা আমি কি ঘৃণার্হ প্রতিমা নির্ম্মাণ করিব? ও বৃক্ষের মূড়ার কাছে দণ্ডবৎ হইব? এই কথা অন্তঃকরণে বিবেচনাও করিতে এবং এ প্রকার কথা কহিতে তাহাদের জ্ঞান ও বুদ্ধি হয় না। এই লোক ভস্ম ভোজন করে, ও তাহার ভ্রান্ত অন্তঃকরণ তাহাকে ভুলায়; সে আপন প্রাণ উদ্ধার করিতে পারে না, এবং আমার দক্ষিণ হস্তে কি ভ্রান্তি নাই? এ কথাও কহিতে পারে না। ১

---

১ যিশ। ৪৪; ১৩-২০।

৩ অধ্যায়।

## পরিত্রাণ করিতে প্রতিমার অক্ষমতাসূচক এলিয় ভবিষ্যদ্বক্তার উপাখ্যান।

বহু দিনের পর, অর্থাৎ তৃতীয় বৎসরে পরমেশ্বরের এই বাক্য এলিয়ের নিকটে উপস্থিত হইল, তুমি যাইয়া আহাবের নিকটে দর্শন দেও; কেননা আমি পৃথিবীতে বৃষ্টি করিব। তাহাতে এলিয় সে সময়ে আহাবের নিকটে দর্শন দিতে গেল। ১

পরে আহাব্ এলিয়কে দেখিয়া কহিল, ইস্রায়েলের দুঃখদায়ক যে তুমি, তুমিই কি এই? এলিয় কহিল, আমি ইস্রায়েল্‌কে দুঃখ দি নাই, কিন্তু তুমি ও তোমার পিতৃবংশ পরমেশ্বরের আজ্ঞালঙ্ঘন ও বালের অনুগমন করাতে দুঃখ দিলা। এখন তুমি লোক প্রেরণ করিয়া ইস্রায়েলের সমস্ত লোককে ও ঈষেবলের ভোজাসনে ভোজনকারি বালের চারিশত পঞ্চাশ জন ভবিষ্যদ্বক্তাকে ও চৈত্যবৃক্ষের ভবিষ্যদ্বক্তা চারিশত লোককে কর্মিল্ পর্ব্বতে আমার নিকটে একত্র কর। তাহাতে আহাব্ ইস্রায়েলের সমস্ত বংশের কাছে লোক প্রেরণ করিয়া ভবিষ্যদ্বক্তৃগণকে কর্মিল্ পর্ব্বতে একত্র করিল।

পরে এলিয় সমস্ত লোকের নিকটে যাইয়া কহিল, তোমরা কত কাল দুই মতাবলম্বী হইয়া সন্দিগ্ধ থাকিবা? যদি পরমেশ্বর প্রভু হন, তবে তাঁহার পশ্চাদ্গমন কর; আর যদি বাল প্রভু হন, তবে তাহার পশ্চাদ্গমন কর;

১ রা। ১৮; ১।

তাহাতে লোকেরা এক কথাদ্বারাও তাহাকে উত্তর দিল না। তাহাতে এলিয় লোকদিগকে কহিল, পরমেশ্বরের ভবিষ্যদ্বক্তাদের মধ্যে কেবল আমিই অবশিষ্ট থাকিলাম; কিন্তু বালের ভবিষ্যদ্বক্তৃগণ চারিশত পঞ্চাশ জন আছে। তাহারা দুই বলদ আনুক, এবং আপনাদের জন্যে এক বলদ মনোনীত করুক, ও তাহা ছেদন করিয়া খণ্ড ২ করিয়া কাষ্ঠোপরি রাখুক, কিন্তু তাহাতে অগ্নি দিবে না; এবং আমি অন্য বলদ প্রস্তুত করিয়া কাষ্ঠের উপরে রাখিব, কিন্তু তাহাতে অগ্নি দিব না। পরে তোমরা আপনাদের দেবতার নামে প্রার্থনা করিও, ও আমি পরমেশ্বরের নামে প্রার্থনা করিব; তাহাতে যিনি অগ্নিদ্বারা উত্তর দিবেন, তিনিই প্রভু হইবেন; তখন সকল লোক উত্তর করিল, এ কথা উত্তম। পরে এলিয় বালের ভবিষ্যদ্বক্তৃদিগকে কহিল, তোমরা অনেকে আছ, অতএব তোমরা অগ্রে আপনাদের জন্যে এক বলদ মনোনীত করিয়া প্রস্তুত কর, পরে আপনাদের দেবতার নামে প্রার্থনা কর, কিন্তু তাহার নীচে অগ্নি দিও না। পরে তাহাদিগকে যে বলদ দত্ত হইল, তাহা লইয়া তাহারা প্রস্তুত করিল, এবং 'হে বাল্, আমাদিগকে উত্তর দেও,' ইহা কহিয়া প্রাতঃকালাবধি মধ্যাহ্নকাল পর্য্যন্ত বালের নামে প্রার্থনা করিল, কিন্তু কোন আকাশবাণী কি উত্তরদায়ী উপস্থিত হইল না; তাহাতে তাহারা ঐ কৃত বেদির উপরে লম্ফ দিতে লাগিল। পরে মধ্যাহ্নকালে এলিয় তাহাদিগকে বিদ্রূপ করিয়া কহিল, উচ্চৈঃস্বরে ডাক; সে দেবতা; ধ্যান করিতেছে, কিম্বা ধাবমান হই-

তেছে, কিম্বা কোন স্থানে যাইতেছে, কিম্বা হইতে পারে সে নিদ্রিত আছে, তাহাকে জাগাইতে হয়। পরে তাহারা উচ্চৈঃস্বরে ডাকিল, এবং আপনাদের ব্যবহারানুসারে রক্তের স্রোত বহন পর্য্যন্ত আপনাদিগেতে ছুরিকা ও অস্ত্রাঘাত করিল। এবং মধ্যাহ্নকাল উত্তীর্ণ হইলে সন্ধ্যার বলিদান পর্য্যন্তও তাহারা প্রলাপ কহিল, তথাপি আকাশবাণী কি উত্তরদায়ী কিম্বা মনোযোগকারী উপস্থিত হইল না। পরে এলিয় তাবৎ লোককে কহিল, আমার নিকটে আইস; তাহাতে তাবৎ লোক তাহার নিকটে গেলে সে পরমেশ্বরের ভগ্ন বেদি প্রস্তুত করিল। এবং পরমেশ্বর যে যাকূবকে কহিয়াছিলেন, তোমার নাম ইস্রায়েল্ থাকিবে, তাহার সন্তানদের বংশের সংখ্যানুসারে এলিয় দ্বাদশ প্রস্তর গ্রহণ করিল। ঐ প্রস্তরদ্বারা পরমেশ্বরের নামে এক যজ্ঞবেদি নির্ম্মাণ করিল, এবং বেদির চতুর্দ্দিগে দুই মোন বীজ ধরে, এমত এক পরিখা খুদিল। পরে সে কাষ্ঠ সাজাইয়া বলদকে কাটিয়া খণ্ড ২ করিল ও কাষ্ঠের উপরে রাখিয়া কহিল, চারি পাত্র জলপূর্ণ কর, ও হব্যের উপরে ও কাষ্ঠের উপরে তাহা ঢাল। পরে এলিয় কহিল, দ্বিতীয় বার তাহা কর; তাহাতে তাহারা দ্বিতীয় বার তাহা করিল; পরে সে কহিল, তৃতীয় বার তাহা কর; তাহাতে তাহারা তৃতীয় বার তাহা করিল। তাহাতে বেদির চতুর্দ্দিগে জল গেল, এবং ঐ জলেতে খাত পরিপূর্ণ হইল। এবং সন্ধ্যাকালের বলিদান সময়ে এলিয় ভবিষ্যদ্বক্তা নিকটে আসিয়া কহিল, হে ইব্রাহীমের ও ইস্হাকের ও ইস্রায়েলের প্রভু পরমেশ্বর, তুমি ইস্রা-

য়েলের ঈশ্বর ও আমি তোমার দাস; তোমার বাক্যদ্বারা এই সকল কর্ম্ম করিতেছি, ইহা অদ্য সকলে জ্ঞাত হউক। হে পরমেশ্বর, আমার কথা শুন, আমার কথা শুন; তুমি পরমেশ্বর যে প্রভু, ইহা এই লোকেরা জ্ঞাত হউক, ও তাহাদের মন পরিবর্ত্তন কর। তখন পরমেশ্বরহইতে অগ্নি পতিত হইয়া হব্য ও কাষ্ঠ ও প্রস্তর ও ধূলি দগ্ধ করিল, ও পরিখাস্থিত জলও শুষ্ক করিল। তখন ইহা দেখিয়া তাবৎ লোক ভূমিষ্ঠ হইয়া প্রণাম করিল, এবং পরমেশ্বর যিনি তিনিই প্রভু, পরমেশ্বর যিনি তিনিই প্রভু, এই কথা কহিল। ১

---

৪ অধ্যায়।

## আপন অপমানকারিদিগকে শাস্তি দিতে প্রতিমার অক্ষমতাসূচক গিদিয়োনের উপাখ্যান।

পরে গিদিয়োন্ সে স্থানে পরমেশ্বরের উদ্দেশে এক বেদি নির্ম্মাণ করিয়া, তাহার নাম যিহোবা-শালোম্ (পরমেশ্বর মঙ্গল করেন) রাখিল; তাহা অবীয়েস্রীয়দের অফ্রাতে অদ্যাপি আছে।

পরে সেই রাত্রিতে পরমেশ্বর তাহাকে কহিলেন, তুমি আপন পিতার সাত বৎসর বয়স্ক যুব বলদকে এবং দ্বিতীয় বলদকে লইয়া তোমার পিতার বাল দেবের যে বেদি আছে, তাহা ভগ্ন কর ও তাহার নিকটস্থ চৈত্যবৃক্ষ ছেদন কর; এবং এই দৃঢ় পর্ব্বতের শৃঙ্গে নিরূপিত

---

১ রা। ১৮; ১৭-৩৯।

স্থানে আপন প্রভু পরমেশ্বরের উদ্দেশে এক যজ্ঞবেদি নির্ম্মাণ কর, এবং সেই দ্বিতীয় বলদ লইয়া তুমি যে চৈত্য বৃক্ষ ছেদন করিবা, তাহার কাষ্ঠদ্বারা তাহা হোম করিবা। তাহাতে গিদিয়োন্ আপনার দশ জন ভৃত্যকে সঙ্গে লইয়া পরমেশ্বরের আজ্ঞানুসারে তদ্রূপ করিল; কিন্তু আপন পিতার পরিজনগণকে ও নগরস্থ লোকদিগকে ভয় করণ প্রযুক্ত তাহা দিবসে করিতে না পারিলে রাত্রিতে করিল।

অপর নগরস্থ লোকেরা প্রত্যূষে উঠিলে বালের বেদি ভগ্ন হইয়াছে, ও নিকটস্থ চৈত্যবৃক্ষ ছিন্ন হইয়াছে, এবং নূতন বেদির উপরে দ্বিতীয় বলদ উৎসর্গ হইয়াছে, ইহা দেখিয়া পরস্পর কহিল, এমত কর্ম্ম কে করিল? পরে যত্নপূর্ব্বক জিজ্ঞাসিলে লোকেরা কহিল, যোয়াশের পুত্র গিদিয়োন্ ইহা করিল। তাহাতে নগরস্থ লোকেরা যোয়াশ্‌কে কহিল, তোমার পুত্রকে বাহির করিয়া আন; সে বধযোগ্য, কেননা সে বালের বেদি ভগ্ন করিল ও তাহার নিকটস্থ চৈত্যবৃক্ষ ছেদন করিল। তখন যোয়াশ্ আপনার প্রতিকূলে দণ্ডায়মান সমস্তকে কহিল, তোমরা কি বালের নিমিত্তে বাগ্‌যুদ্ধ করিবা ও তাহাকে রক্ষা করিবা? যে জন তাহার নিমিত্তে বাগ্‌যুদ্ধ করে, এই প্রভাতের সময়ে তাহার অপমৃত্যু হউক; সে যদি দেবতা হয়, তবে যে লোক তাহার বেদি ভগ্ন করিল, সে আপনি তাহার সঙ্গে যুদ্ধ করুক। অতএব যে জন বালের বেদি ভগ্ন করিল বাল্ আপনি তাহার সহিত যুদ্ধ করুক। ১

---

১ বি। ৬; ২৪-৩১।

৫ অধ্যায়।

## আথীনী নগরস্থ বিদ্বান্‌দিগের প্রতি প্রতিমা পূজার নিষেধ সূচক উপদেশ।

পৌল আথীনী নগরে তাহাদের অপেক্ষা করিয়া থাকিতে২ ঐ নগর প্রতিমাতে পরিপূর্ণ দেখিয়া উত্তপ্তচিত্ত হইতে লাগিল। তাহাতে সে ভজনালয়ে যিহূদীয় ও ভক্ত লোকদের সহিত, এবং হাটে যাহাদের২ দেখা পাইল, তাহাদের সঙ্গে প্রতি দিন বিচার করিতে লাগিল। কিন্তু ইপিকূরেয় ও স্তোয়িকীয় মতাবলম্বী কএক জন জ্ঞানী তাহার সহিত বিবাদ করিল। তাহাতে কেহ২ কহিল, এই বাচাল কি বলিতে চাহে? আর কেহ২ বলিল, বোধ হয়, এ ব্যক্তি কোন বিদেশীয় দেবতাদের প্রচারক হইবে; কারণ সে যীশুর ও উত্থিতির প্রসঙ্গ তাহাদের নিকটে প্রচার করিয়াছিল। পরে তাহারা তাহাকে লইয়া আরেয়পাগ নামক বিচারস্থানে আনিয়া কহিল, এই যে নূতন মত তুমি প্রকাশ করিতেছ, ইহা কি প্রকার, তাহা আমরা জানিতে প্রয়াস করি; কেননা এই যে কথা আমাদের কর্ণগোচর করিতেছ, ইহা অসম্ভব; ইহার ভাবার্থ কি, তাহা আমরা জানিতে বাঞ্ছা করি। ঐ আথীনী নগরনিবাসি ও প্রবাসি লোকেরা কেবল কোন নূতন কথা শ্রবণ কিম্বা প্রচার করিতে২ কাল যাপন করিত।

অপর পৌল আরেয়পাগের মধ্যস্থলে দাঁড়াইয়া এই কথা কহিতে লাগিল, হে আথীনীয় লোকেরা, তোমরা সর্ব্বতোভাবে দেবপূজাতে আসক্ত, ইহা আমি প্রত্যক্ষ

দেখিতেছি। যেহেতুক পর্য্যটনের সময়ে তোমাদের পূজ্য বস্তু দেখিতে২ 'অজ্ঞাত দেবতার উদ্দেশে,' এই লিপিযুক্ত এক যজ্ঞবেদি দেখিলাম; অতএব না জানিয়া যাহাকে পূজা করিতেছ, তাঁহার তত্ত্ব তোমাদের নিকটে প্রচার করি। জগৎ এবং জগৎস্থ সমুদয় বস্তুর সৃষ্টিকর্ত্তা যে ঈশ্বর, তিনি স্বর্গ ও পৃথিবীর একাধিপতি হইয়া হস্তকৃত মন্দিরে বাস করেন না; আর তিনিই সকলকে জীবন ও প্রাণ ও তাবৎ সামগ্রী দেন; অতএব তিনি যে কোন সামগ্রীর অভাব প্রযুক্ত মনুষ্যদের হস্তদ্বারা সেবিত হন এমন নয়। আর তিনি এক রক্তহইতে তাবৎ জাতীয় মনুষ্যকে সৃষ্টি করিয়া তাবৎ ভূমণ্ডলে বাস করিতে দিয়া পূর্ব্বকালে তাহাদের নিরূপিত সময়ের এবং বাসসীমার নিশ্চয় করিয়াছেন; তাহাতে লোকেরা যদি কোন প্রকারে অনুসন্ধান করিয়া পরমেশ্বরের তত্ত্বজ্ঞান পাইতে পারে, তন্নিমিত্তে তাঁহার অন্বেষণ করিতে হয়। কিন্তু তিনি আমাদের কাহারও হইতে দূরে আছেন তাহা নহে; আমরা তাঁহাদ্বারা নিশ্বাস প্রশ্বাস ত্যাগ ও গমনাগমন ও প্রাণ ধারণ করিতেছি, এবং তোমাদের কএক জন কবি কহিয়াছে, যথা, 'আমরাও ঈশ্বরের বংশ।' অতএব আমরা যদি ঈশ্বরের বংশ হই, তবে মনুষ্যদের বিদ্যাতে ও কৌশলেতে খোদিত যে স্বর্ণ কি রূপা কি প্রস্তর, ইহাদের তুল্য ঈশ্বরকে জ্ঞান করা আমাদের কর্ত্তব্য নহে। আর সেই পূর্ব্বকালীয় অজ্ঞানতার প্রতি ঈশ্বর দৃষ্টি না করিয়া এখন সর্ব্বত্র সকলকে মনঃপরিবর্ত্তন করিতে আজ্ঞা দিতেছেন; যেহেতুক আপন নিয়োজিত এক পুরুষদ্বারা যে দিনে তিনি ন্যায়েতে পৃথিবীস্থ তাবৎ

লোকের বিচার করিবেন, এমন এক দিন নিরূপণ করিয়াছেন, আর তাঁহাকে কবরহইতে উত্থিত করাতে তদ্বিষয়ে সকলের নিকটে প্রমাণ দিয়াছেন।

---

৬ অধ্যায়।

## সত্য পরমেশ্বরহইতে প্রতিমার প্রভেদ।

হে পরমেশ্বর, তোমার তুল্য কেহ নাই; তুমি মহান, ও তোমার নামও প্রভাবেতে মহান। হে সর্ব্বদেশীয়দের রাজন, তোমাকে কে ভয় না করে? তাহাই উপযুক্ত কেননা অন্যদেশীয় বিদ্বানদের মধ্যে ও তাহাদের তাবৎ রাজ্যের মধ্যে তোমার তুল্য কেহ নাই। তাহারা অবিশেষে পশুবৎ ও অজ্ঞান, এবং প্রতিমাপূজাবিধি অসারমাত্র। তর্শীশহইতে রূপার পত্র ও উফস্‌হইতে স্বর্ণ আনীত হয়, এবং শিল্পকার ও সুবর্ণকারদ্বারা প্রতিমা নির্ম্মিতা হয়: তাহাদের বস্ত্র নীল ও বাগুনীয় বর্ণ, ও তাহা নিপুণ লোকদের কৃত কর্ম্ম হয়। কিন্তু পরমেশ্বরই সত্য ঈশ্বর, তিনিই অমর ঈশ্বর ও নিত্যস্থায়ী রাজা; তাঁহার ক্রোধে পৃথিবী কম্পান্বিত হয়, এবং দেশীয় লোকেরা তাঁহার কোপ সহ্য করিতে পারে না। তোমরা তাহাদিগকে এই কথা বল, যে দেবগণ পৃথিবীর ও আকাশের সৃষ্টি করে নাই, তাহারা এই আকাশমণ্ডলের নীচস্থিত পৃথিবীহইতে লুপ্ত হইবে। পরমেশ্বর আপন পরাক্রমে পৃথিবী সৃষ্টি করিয়াছেন, ও তিনি আপন জ্ঞানে জগৎ স্থাপন

---

১ প্র ১৭; ১৬-৩১।

করিয়াছেন, এবং আপন বুদ্ধিতে আকাশমণ্ডলকে বিস্তারিত করিয়াছেন। তিনি মেঘগর্জ্জন করিলে আকাশে অনেক জল সঞ্চয় হয়, তিনি পৃথিবীর সীমাহইতে মেঘোদয় করেন, ও বৃষ্টির নিমিত্তে বিদ্যুৎ করেন, ও আপন ভাণ্ডারহইতে বায়ু বাহির করেন। যে কেহ প্রতিমাকে মান্য করে সে পশুবৎ; এবং যে কেহ প্রতিমা নির্ম্মাণ করে সে লজ্জিত হইবে; কারণ তাহার ছাঁচে ঢালা প্রতিমা সকল মিথ্যা, তাহাদের নিশ্বাসপ্রশ্বাস নাই। তাহারা অতি অসার, ভ্রমাত্মক মাত্র; দণ্ডের সময়ে তাহারা বিনষ্ট হইবে। কিন্তু যাঁহাতে যাকূবের অধিকার, তিনি তদ্রূপ নহেন; তিনি বিশ্বের সৃষ্টিকর্ত্তা, ইস্রায়েল্ তাঁহার অধিকার, তাঁহার নাম সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর। ১

---

৭ অধ্যায়।

## সত্য পরমেশ্বরের কথা।

### ১ তাহার নাম।

আমি যিহোবা, এই আমার নাম; আমি আপন গৌরব অন্যকে দিব না, ও আপন প্রশংসা খোদিত প্রতিমাকে দিব না। ২

পরে মূসা ঈশ্বরকে কহিল, দেখ, আমি ইস্রায়েল্ বংশের নিকটে যাইয়া তাহাদিগকে এই কথা কহি, তোমাদের পূর্ব্বপুরুষদের ঈশ্বর তোমাদেরই নিকটে আমাকে প্রেরণ করিলেন; কিন্তু তাঁহার নাম কি? এ কথা যদি তা-

---

১ যির ১০; ৬-১৬। ২ যিশ ৪২; ৮।

হারা জিজ্ঞাসা করে, তবে আমি কি উত্তর করিব? তাহাতে ঈশ্বর মূসাকে কহিলেন, আমি যে আছি সেই আছি, আরো কহিলেন, ইস্রায়েল্ বংশকে ইহা কহিও, স্বয়ম্ভূ তোমাদের নিকটে আমাকে প্রেরণ করিলেন। পরে ঈশ্বর আরবার মূসাকে কহিলেন, তুমি ইস্রায়েল্ বংশকে এই কথা কহিও, তোমাদের পূর্ব্বপুরুষদের প্রভু যিহোবাঃ (পরমেশ্বর,) অর্থাৎ ইব্রাহীমের ঈশ্বর ও ইস্‌হাকের ঈশ্বর ও যাকূবের ঈশ্বর তোমাদের নিকটে আমাকে পাঠাইলেন; আমার এই নাম, এবং ইহা চিরকাল পুরুষানুসারে স্মরণে থাকিবে। ১

## ২ তাঁহার স্বরূপ।

জগৎ এবং জগৎস্থ সমুদয় বস্তুর সৃষ্টিকর্ত্তা যে ঈশ্বর, তিনি স্বর্গ ও পৃথিবীর একাধিপতি হইয়া হস্তকৃত মন্দিরে বাস করেন না; আর তিনি সকলকে জীবন, ও প্রাণ, ও তাবৎ সামগ্রী দেন; অতএব তিনি যে কোন সামগ্রীর অভাব প্রযুক্ত মনুষ্যদের হস্তদ্বারা সেবিত হন এমন নয়। তিনি আমাদের কাহারওহইতে দূর আছেন তাহা নহে, যেহেতুক তাঁহাদ্বারা নিশ্বাস প্রশ্বাস ত্যাগ ও গমনাগমন ও প্রাণধারণ করিতেছি। এবং তোমাদেরই এক জন কবি এতদ্বিষয়ে কহিয়াছে, যথা। আমরাও তাঁহার বংশ। অতএব আমরা যদি ঈশ্বরের বংশ হই তবে মনুষ্যদের বিদ্যাতে ও কৌশলেতে খোদিত যে স্বর্ণ কি রূপ্য কি প্রস্তর ইহাদিগকে ঈশ্বর জ্ঞান করা আমাদের কর্ত্তব্য নহে। ২

---

১ যা ৩; ১৩-১৫। ২ প্রে ১৭; ২৪,২৫। এবং ২৮,২৯।

ঈশ্বর আত্মা স্বরূপ, আর তাঁহার ভজনা করিতে গেলে আত্মা দিয়া সত্য রূপে ভজনা করিতে হয়। ১

আর কোন মনুষ্য ঈশ্বরকে কখন দেখে নাই, কিন্তু পিতার ক্রোড়স্থিত অদ্বিতীয় পুত্র তাঁহাকে প্রকাশ করিয়াছেন। ২

তিনি একাকী নিত্য, ও অগম্য তেজোনিবাসী, ও তাঁহার দর্শন কোন মনুষ্য পায় নাই এবং পাইতে পারে না, আর তিনি প্রভুদের প্রভু, ও রাজাদের রাজা অদ্বিতীয় সম্রাট্ সচ্চিদানন্দ পরমেশ্বর। তাঁহার মহিমা ও অনন্ত পরাক্রম প্রকাশিত হউক। ৩

অনাদি অক্ষয় অদৃশ্য রাজা যে অদ্বিতীয় সর্ব্বজ্ঞ ঈশ্বর তাঁহার সম্ভ্রম ও মহিমা সর্ব্বদা প্রকাশ হউক আমেন। ৪

### ৩ তাঁহার অদ্বিতীয়ত্ব।

এক ঈশ্বর ব্যতিরেকে দ্বিতীয় ঈশ্বর নাই। ৫

বাস্তবিক দেবতা কিছু নাই, এবং একু ঈশ্বরো দ্বিতীয়ো নাস্তি, ইহা আমরা জানি। ৬

হে ইস্রায়েল্ বংশ, শুন, আমাদের প্রভু পরমেশ্বর একই পরমেশ্বর। তোমরা আপন সমস্ত অন্তঃকরণ ও সমস্ত প্রাণ ও সমস্ত শক্তিদ্বারা আপন প্রভু পরমেশ্বরেতে প্রেম কর। ৭

ইস্রায়েলের রাজা পরমেশ্বর ও তাহার মুক্তিদাতা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর এই কথা কহেন, আমি আদি ও অন্তস্বরূপ, আমাভিন্ন কোন ঈশ্বর নাই। কেননা আমি আপনি

---

১ যো ৪; ২৪। ২ যো ১; ১৮। ৩ ১তী ৬; ১৫, ১৬। ৪ ১তী ১; ১৭। ৫ মা ১২; ৩২। ৬ ১ক ৮; ৪। ৭ দ্বি ৬; ৪,৫।

পৃথিবী সৃষ্টি করিয়াছি, ও তন্নিবাসি মনুষ্য নির্ম্মাণ করিয়াছি, আমি অর্থাৎ আমার হস্ত আকাশ বিস্তীর্ণ করিয়াছি, ও তাহার সৈন্যরূপ তারাগণকে আজ্ঞা দিয়াছি। ১

অতএব ঊর্দ্ধস্থ স্বর্গে ও অধঃস্থ পৃথিবীতে পরমেশ্বরই প্রভু, তিনি বিনা আর কেহ নয়, ইহা তোমরা অদ্য জ্ঞাত হও, ও আপন ২ অন্তঃকরণে বিবেচনা কর। এবং তোমাদের ও তোমাদের পরে তোমাদের বংশের যেন মঙ্গল হয়, এবং তোমাদের প্রভু পরমেশ্বর তোমাদিগকে যেভূমি চিরকালের জন্যে দেন, তাহার উপরে যেন তোমাদের আয়ুবৃদ্ধি হয়, এই জন্যে আমি তাঁহার যে২ বিধি ও ব্যবস্থা অদ্য তোমাদিগকে আজ্ঞা করিলাম, তাহা পালন কর। ২

হে পৃথিবীর অন্তস্থিত লোক সকল, আমার প্রতি দৃষ্টি করিয়া পরিত্রাণ প্রাপ্ত হও, কেননা আমিই ঈশ্বর, আমা ব্যতিরেকে আর কেহ নাই। ৩

এখন দেখ, কেবল আমি আছি, আমা বিনা কোন ঈশ্বর নাই; আমি বধ করিতে পারি, ও সজীব করিতে পারি, এবং ক্ষত করিতে পারি, ও সুস্থ করিতে পারি; আমার হস্তহইতে উদ্ধার করিতে কেহ পারে না। আমি আকাশে হস্ত উঠাইয়া দিব্য করি, আমিই নিত্য অমর। ৪

## ৪ তাঁহার মহত্ত্ব।

হে আমার মন, পরমেশ্বরের ধন্যবাদ কর; আমার প্রভু পরমেশ্বর অতি মহান্ ও সর্ব্বদা গৌরবেতে ও সৌন্দ-

১ যিশ ৪৬; ৬। এবং ৪৫; ১২। ২ দ্বি ৪; ৩৯, ৪০। ৩ যিশ ৪৫; ২২। ৪ দ্বি ৩২; ৩৯,৪০।

র্য্যেতে বিভূষিত হন। তিনি দীপ্তিরূপ পরিচ্ছদান্বিত হন ও আকাশকে চন্দ্রাতপের ন্যায় বিস্তারিত করেন। তিনি জলকে আপন অট্টালিকার মেঝিয়া করেন, ও মেঘকে রথরূপ ও বায়ুকে পক্ষ স্বরূপ করিয়া গমনাগমন করেন। ১

আপন হস্ততালুকার মধ্যে জলরাশি কে পরিমাণ করিয়াছে? ও আপন বিঘতদ্বারা আকাশ মণ্ডল কে মাপিয়াছে? এবং কাহাতে পৃথিবীর ধূলা কে মাপিয়াছে? এবং পাল্লাতে পর্ব্বতগণকে ও নিক্তিতে উপপর্ব্বতগণকে কে তৌল করিয়াছে? এবং কে পরমেশ্বরের আত্মাকে পরামর্শ দিয়াছে? ও মন্ত্রী হইয়া কে তাঁহাকে শিক্ষা দিয়াছে? তিনি কাহার সহিত পরামর্শ করিয়াছেন? ও কে তাঁহাকে বুদ্ধি দিয়াছে? ও বিচারপথে কে শিক্ষা দিয়াছে? ও কে তাঁহাকে জ্ঞান শিক্ষা দিয়াছে? ও বুদ্ধির পথ তাঁহাকে কে জানাইয়াছে? দেখ, তাবৎ দেশীয় লোক কলসের বিন্দুর ন্যায় ও নিক্তিস্থিত ধূলার এক কণিকার ন্যায়; দেখ, তিনি উপদ্বীপ সকলকে এক পরমাণুর ন্যায় তুলেন। তাঁহার সম্মুখে তাবদ্দেশীয় লোকেরা নগণ্য ও অসার ও অলীকমাত্র মান্য হয়। কিন্তু তোমরা কি জ্ঞান নাই ও শুন নাই? ও পূর্ব্বকালাবধি কি তোমাদের কাছে প্রকাশিত হয় নাই? ও পৃথিবীর মূল স্থাপনাবধি কি ইহা বুঝা যায় নাই? ঈশ্বর ভূমণ্ডলের উপরে থাকেন; তাঁহার নিকটে পৃথিবীনিবাসিগণ ফড়িঙ্গস্বরূপ; তিনি ব্যবধানবস্ত্রের ন্যায় আকাশমণ্ডল বিস্তার করেন, ও বাস করণার্থে তাম্বুর ন্যায় তাহা প্রশস্ত করেন। ও অধ্যক্ষদিগকে সর্ব্বস্বরহিত করেন,

১ গী ১০৪; ১-৩।

ও পৃথিবীর বিচারকর্ত্তাদিগকে অসারমাত্র করেন। সেই ধর্ম্মস্বরূপ কহেন, তবে আমার সহিত কাহার তুলনা দিবা? ও আমি কাহার সদৃশ হইব? ১

৫ তাঁহার সর্ব্ব কর্তৃত্ব।

পরমেশ্বর মহামহিমাতে বস্ত্রান্বিত হইয়া কর্তৃত্ব করেন, ও পরমেশ্বর পরাক্রমে বস্ত্রান্বিত ও কটিবদ্ধ হন; ও পৃথিবী এমত স্থাপিত আছে, যে সে বিচলিত হয় না। হে পরমেশ্বর, তুমি অনাদি ও তোমার সিংহাসন আদি-কালাবধি স্থাপিত আছে। ২

পরমেশ্বর তাবৎ দেশীয়দের উপরে উচ্চপদান্বিত হন, ও আকাশের উপরে তাঁহার মহিমা প্রকাশ পায়। আমা-দের প্রভু পরমেশ্বরের তুল্য কে আছে? তিনি উচ্চস্থানে বসতি করিয়া স্বর্গ ও পৃথিবীতে কৃত কর্ম্ম দর্শনার্থে আ-পনি নত হন। ৩

স্বর্গে পরমেশ্বরের সহিত কে উপমা ধরিতে পারে? ও বলবান্ লোকের সন্তানদের মধ্যে পরমেশ্বরের তুল্য বা কে আছে? ঈশ্বর পুণ্যবানদের সভাতে অতি ভয়ঙ্কর, ও তাঁহার চতুর্দ্দিক্স্থিত সকল লোকের কাছে ভয়ার্হ। হে সৈন্যাধ্যক্ষ প্রভো পরমেশ্বর, তোমার সমান কে আছে? হে পরমেশ্বর, তুমি বলবান্ ও তোমার বিশ্বস্ততা তোমার চতুর্দ্দিগে আছে। তুমি সমুদ্রগর্জ্জনের উপরে ক-র্তৃত্ব করিয়া উত্থিত প্রবল তরঙ্গের শান্তি করিতেছ; তুমি হত ব্যক্তির ন্যায় রহব্‌কে চূর্ণ করিয়াছ, এবং সবল

---

১ যিশ ৪০; ১২-১৫, ১৭, এবং ২১-২৩,২৫। ২ গী ৯৩; ১,২। ৩ গী ১১৩; ৪-৬।

হস্তে নিজ শত্রুগণকে ছিন্নভিন্ন করিয়াছ। আকাশমণ্ডল তোমার, এবং পৃথিবীও তোমার; এই জগৎ ও তন্মধ্যস্থ তাবৎ বস্তু তোমার স্থাপিত। ১

তোমার বাহু বলবান্ ও তোমার হস্ত শক্তিমান্ ও তোমার দক্ষিণ হস্ত উচ্চতর। ন্যায় ও সুবিচার তোমার সিংহাসনের ভিত্তিমূল আছে, অনুগ্রহ ও সত্যতা তোমার অগ্রগামী হয়। যে লোকেরা আনন্দধ্বনি জ্ঞাত আছে তাহারা ধন্য; কেননা হে পরমেশ্বর, তাহারা তোমার মুখের দীপ্তিতে গমনাগমন করে; এবং সমস্ত দিন তোমার নামে আনন্দিত থাকে। এবং তোমার দত্ত পুণ্যে উচ্চপদ পায়। যেহেতুক তুমিই তাহাদের বলের ভূষণস্বরূপ, ও তোমার তুষ্টিতে আমাদের বলবৃদ্ধি হয়। ২

হে পরমেশ্বর, দেবগণের মধ্যে তোমার তুল্য কে আছে? এবং তোমার সমান পবিত্রতাতে আদরণীয় ও ভয়ানকত্ব প্রযুক্ত স্তবনীয় ও আশ্চর্য্য ক্রিয়াকারী কে আছে? ৩

## ৬ পরমেশ্বর সকলের সৃষ্টি ও শাসনকর্ত্তা।

পৃথিবী ও তন্মধ্যস্থ তাবৎ বস্তু এবং জগৎ ও তন্নিবাসি সকলেই পরমেশ্বরের। ৪

আদিতে ঈশ্বর আকাশমণ্ডলের ও পৃথিবীর সৃষ্টি করিলেন। ৫

তুমি প্রথমে পৃথিবীর মূল স্থাপন করিয়াছ, এবং আকাশমণ্ডল তোমার হস্তকৃত। উভয়ই বিনষ্ট হইবে, কিন্তু

---

১ গী ৮৯; ৬-১১। ২ গী ৮৯; ১৩-১৭। ৩ যা ১৫; ১১। ৪ গী ২৪; ১। ৫ আ ১; ১।

তুমি নিত্য; সে সমস্ত বস্ত্রের ন্যায় জর্জ্জরীভূত হইবে, এবং তুমি বস্ত্রের ন্যায় খুলিলে তাহার পরিবর্ত্তন হইবে; কিন্তু তুমি নিত্য, তোমার বৎসরের ক্ষয় কদাচ হইবে না। ১

পরমেশ্বর রাজত্ব করেন, অতএব পৃথিবীস্থ লোকেরা উল্লাসিত হউক, ও উপদ্বীপস্থ সমূহলোক আনন্দিত হউক। মেঘ ও অন্ধকার তাঁহার চতুর্দ্দিগে থাকে, ধর্ম্ম ও সুবিচারের দ্বারা তাঁহার সিংহাসনের স্থিতি হয়। চতুর্দ্দিগস্থ বৈরিগণদগ্ধকারি অগ্নি তাঁহার অগ্রে আছে। তাঁহার বিদ্যুৎ জগৎকে দীপ্তিমান্ করে, তাহা দেখিয়া পৃথিবী কম্পান্বিত হয়। পরমেশ্বরের সাক্ষাতে, অর্থাৎ তাবৎ পৃথিবীর প্রভুর সাক্ষাতে পর্ব্বতগণ লাক্ষার ন্যায় গলিত হয়। আকাশমণ্ডল তাঁহার ধর্ম্ম প্রকাশ করে, ও তাবৎ লোক তাঁহার মহিমা দেখে। (অতএব) যে সকল লোক প্রতিমা পূজা করে, ও পুত্তলিকাতে শ্লাঘা করে, তাহারা লজ্জিত হউক। ২

কেননা পরমেশ্বর মহান্ ঈশ্বর, ও তাবৎ দেবতার উপরে মহারাজ। পৃথিবীর তাবৎ নীচস্থান তাঁহার হস্তগত, এবং পর্ব্বতের তাবৎ উচ্চস্থান তাঁহার অধিকার। এবং সমুদ্র তাঁহার, তিনি তাহার সৃষ্টি করিলেন, ও তাঁহার হস্ত শুষ্ক ভূমি নির্ম্মাণ করিল। আইস, আমরা সৃষ্টিকর্ত্তা পরমেশ্বরকে প্রণাম করি, ও হাঁটু পাতিয়া তাঁহার ভজনা করি। কেননা তিনি আমাদের ঈশ্বর ও আমরা তাঁহার হস্তগত লোক ও ক্ষেত্রের মেষস্বরূপ। ৩

পরমেশ্বরই সত্য ঈশ্বর; তিনিই অমর ঈশ্বর ও নিত্য-

১ গী ১০২; ২৫-২৭। ২ গী ৯৭; ১-৭। ৩ গী ৯৫; ৩-৮।

স্থায়ী রাজা; তাঁহার ক্রোধে পৃথিবী কম্পান্বিত হয়, এবং দেশীয় লোকেরা তাঁহার কোপ সহ্য করিতে পারে না। ১

---

৮ অধ্যায়।

## পরমেশ্বরেরই সেবার নিমিত্তে মনুষ্যের সৃষ্টি হইয়াছে, তাহা প্রতিমা পূজার জন্যে নয়, প্রতিমা পূজা মনুষ্যের পতিতাবস্থার কার্য্য।

আদমের বংশাবলির বিবরণ, যে দিনে ঈশ্বর মনুষ্যের সৃষ্টি করিলেন, সেই দিনে আপন সাদৃশ্যে তাহার সৃষ্টি করিলেন; স্ত্রী ও পুরুষ করিয়া তাহাদিগের সৃষ্টি করিলেন। এবং সেই দিনে তাহাদিগকে আশীর্ব্বাদ করিয়া আদম্ (অর্থাৎ মনুষ্য) এই নাম দিলেন। ২

পরে প্রভু পরমেশ্বর আদম্‌কে লইয়া এক উদ্যানের কর্ম্ম ও তাহার রক্ষা করিতে নিযুক্ত করিলেন। এবং প্রভু পরমেশ্বর তাহাকে এই আজ্ঞা দিলেন, তুমি এই উদ্যানের সমস্ত বৃক্ষের ফল স্বচ্ছন্দে ভোজন করিও; কিন্তু সদসৎ জ্ঞানদায়ক বৃক্ষের ফল ভোজন করিও না, কেননা যে দিনে তাহা ভোজন করিবা, সেই দিনে নিতান্ত মরিবা। ৩

(পরমেশ্বর কহিলেন) আমি আপনার নিমিত্তে এই লোকদিগকে সৃষ্টি করিয়াছি, ইহারা আমার মহিমা প্রকাশ করিবে। ৪

যাহারা আমার নামে বিখ্যাত হয়, তাহারা আমার

---

১ যির ১০; ১০। ২ আ ৫; ১,২। ৩ আ ২; ১৫-১৭।
৪ যিশ ৪৩; ২১।

মহিমা প্রকাশার্থে আমাকর্ত্তৃক সৃষ্ট ও নির্ম্মিত ও কৃত হইয়াছে। ১

তথাপি মানুষ সম্ভ্রান্ত হইয়া থাকিল না, কিন্তু বিনাশ্য পশুবৎ হইল। তাহাদের এমত গতিতে অজ্ঞানতা হইলেও তাহাদের সন্তানেরা তাহাদের বাক্যই ভাল বাসে। ২

দেখ, ঈশ্বর সরলভাবে মনুষ্যকে সৃষ্টি করিয়াছেন, কিন্তু তাহারা অনেক কুকল্পনা অন্বেষণ করিয়াছে। ৩

(প্রথম) নারী (পরমেশ্বর কর্ত্তৃক নিষিদ্ধ) বৃক্ষকে সুদৃশ্য ও সুখাদ্য ও জ্ঞান প্রদানার্থে বাঞ্ছনীয় জানিয়া, তাহার ফল পাড়িয়া ভোজন করিল, এবং আপন স্বামিকে দিলে সেও ভোজন করিল। ৪ (তাহাতে)

তোমার আদিপিতা পাপ করিয়াছে, ও তোমার শিক্ষকগণ আমার আজ্ঞালঙ্ঘন করিয়াছে। ৫

হে আকাশমণ্ডল, শুন; হে পৃথিবি শ্রবণ কর; পরমেশ্বর কহিতেছেন; আমি সন্তানদিগকে প্রতিপালন ও ভরণপোষণ করিয়াছি, কিন্তু তাহারা আমার অনাজ্ঞাবহ হইয়াছে। গোরু আপন স্বামিকে ও গর্দ্দভ আপন প্রভুর দত্ত খাদ্য পাত্রকে জানে, কিন্তু ইস্রায়েল বংশ আমাকে জানে না, ও আমার লোক বিবেচনা করে না। আহা পাপিষ্ঠ বংশও অধর্ম্ম ভারগ্রস্ত লোক ও কুকর্ম্মিবর্গ ও সৎপথত্যাগি সন্তানগণ! তোমরা পরমেশ্বরকে ত্যাগকরিয়াছ, ও ইস্রায়েলের ধর্ম্মস্বরূপকে ক্রুদ্ধ করিয়াছ, ও তাঁহাহইতে পরাঙ্মুখ হইয়াছ। ৬

---

১ যিশ ৪৩; ৭। ২ গী ৪৯; ১২,১৩। ৩ উ ৭; ২৯। ৪ আ ৩; ৬ ৫ যিশ ৪৩; ২৭। ৬ যিশ ১; ২-৪।

পরমেশ্বর কহেন, হে আকাশমণ্ডল, এতদ্বিষয়ে চমৎকৃত হও, ও অতিশয় ভীত হও ও অতিশয় কম্পবান হও। কেননা আমার লোকেরা দুই দোষ করিয়াছে; অমৃত জলের উনুইস্বরূপ যে আমি, আমাকে ত্যাগ করিয়াছে, অধিকন্তু আপনাদের নিমিত্তে সছিদ্র ও জলধারণে অশক্ত সরোবর খুদিয়াছে।

যাহারা বৃক্ষকে বলে, তুমি আমার পিতা, ও প্রস্তরকে বলে, তুমি আমার জননী, তাহারা আমার প্রতি অভিমুখ না হইয়া নিতান্ত বিমুখ হইয়াছে। ১

---

৯ অধ্যায়।

## প্রতিমা পূজা পরমেশ্বরের অতি ঘৃণার্হ বিষয়।

পরে যিহূদা বংশ পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল; তাহারা অধিক পাপ করিয়া আপন পূর্ব্বপুরুষদের অপেক্ষা তাঁহাকে ক্রুদ্ধ করিল। কারণ তাহারাও প্রত্যেক উচ্চপর্ব্বতে ও প্রত্যেক হরিত বৃক্ষের তলে আপনাদের জন্যে উচ্চস্থান ও প্রতিমা ও চৈত্য বৃক্ষ স্থাপন করিল। ২

(সেখানে) তাহারা প্রতিমা সেবা করিলে সেই কর্ম্ম তাহাদের ফাঁদস্বরূপ হইল। ফলতঃ তাহারা আপন ২ পুত্র-

১ যির ২; ১২,১৩,২৭। ২। ১ রা ১৪; ২২, ২৩।

কন্যাগণকে দেবতাদের উদ্দেশে বলিদান করিল; এবং নির্দোষদের রক্ত অর্থাৎ কিনানীয় দেবতাদের উদ্দেশে বলীকৃত আপনাদের পুত্র কন্যাদের রক্ত পাত করিল; তাহাতে সেই রক্তদ্বারা তাহাদের দেশ অশুচি হইল। এবং সেই কর্ম্মে তাহারাও অপবিত্র হইল এবং কদাচারেতে ব্যভিচার করিল। তাহাতে আপন লোকদের মধ্যে পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইলে তিনি আপন অধিকারকে ঘৃণা করিলেন। ১

অপর তাহারা অন্য দেশীয় দেবগণের পূজা করিয়া তাঁহাকে ক্রুদ্ধ করিল, ও ঘৃণার্হ ক্রিয়া করিয়া তাঁহার ক্রোধ জন্মাইল। এবং তাহারা ঈশ্বরের উদ্দেশে বলিদান না করিয়া পূর্ব্বে যে দেবগণকে জানিত না অর্থাৎ তোমাদের পূর্ব্বপুরুষেরা যাহাদিগকে ভয় করে নাই, এমত আধুনিক ও নিকটবর্ত্তি স্থানহইতে উপস্থিত দেবগণের উদ্দেশে হোম করিল। ২

এমত দেখিয়া পরমেশ্বর আপন পুত্র ও কন্যাদের প্রতি অসন্তুষ্ট হইয়া ঘৃণা করিয়া কহিলেন, আমি তাহাদের হইতে আপন মুখ আচ্ছাদিত করিব; তাহাতে তাহাদের শেষ কি ঘটিবে, তাহা আমি দেখিব; কেননা তাহারা সবংশে বিপথগামী, ও সকুলে বিশ্বাসহীন। তাহারা অনীশ্বরদ্বারা আমার ক্রোধ জন্মায়, ও আপন ২ বিগ্রহদ্বারা আমাকে কোপান্বিত করে; এবং আমিও অগণ্য লোকের দ্বারা তাহাদিগকে উত্তাপযুক্ত করিব, ও বাতুল জাতিদ্বারা তাহাদিগকে ক্রোধান্বিত করিব। ৩

---

১ গী ১০৬; ৩৬-৪০। ২ দ্বি ৩২; ১৬,১৭। ৩ দ্বি ৩২; ১৯,২১।

অতএব যে সকল লোক প্রতিমা পূজা করে ও পুত্তলিকাতে শ্লাঘা করে, তাহারা লজ্জিত হইবে। ১

পরমেশ্বর ইস্রায়েলদিগকে আজ্ঞা করিলেন তোমরা তাহাদের খোদিত প্রতিমাগণকে অগ্নিতে দগ্ধ করিবা, এবং তোমরা যেন ফাঁদগ্রস্ত না হও, এই জন্যে তাহাদের গাত্রীয় রৌপ্য কি স্বর্ণের প্রতি লোভ করিবা না, ও আপনাদের জন্যে তাহা গ্রহণ করিবা না, কেননা তাহা তোমাদের প্রভু পরমেশ্বরের ঘৃণার্হ বস্তু। আর তোমরা যেন তাহাদের মত নির্মূলে উচ্ছিন্ন না হও, এই জন্যে সেই ঘৃণার্হ বস্তু আপন ২ গৃহে আনিবা না, ও তাহাদের নির্মূলে উচ্ছিন্ন হওন প্রযুক্ত তাহাদিগকে অতিশয় ঘৃণা করিবা ও অতিশয় তুচ্ছ করিবা। ২

তাহার পরে লেবীয় লোকেরা ইস্রায়েলের সমস্ত বংশকে এই কথা উচ্চৈঃস্বরে কহিবে। যে মনুষ্য পরমেশ্বরের ঘৃণিত বস্তু অর্থাৎ শিল্পকরের হস্তনির্ম্মিত কোন খোদিত ও ছাঁচে ঢালা প্রতিমা নির্ম্মাণ করিয়া গুপ্ত স্থানে স্থাপন করে, সে শাপগ্রস্ত; তাহাতে সমস্ত লোক সায় দিয়া 'এমন হউক' কহিবে। ৩

এবং যে ব্যভিচারী, কি লম্পট, কি দেবপূজকের মধ্যে গণিত লোভী, ইহাদের খ্রীষ্টের অর্থাৎ ঈশ্বরের রাজ্যে কোন অধিকার নাই, ইহা তোমরা জ্ঞাত আছ। অতএব সাবধান অনর্থক বাক্যে কেহ তোমাদিগের ভ্রান্তি না জন্মাউক, কেননা তাদৃশ কুকর্ম্ম প্রযুক্ত অনাজ্ঞাবহ লোকেরা ঈশ্বরের ক্রোধপাত্র হয়। ৪

---

১ গী ৯৭; ৭। ২ দ্বি ৭; ২৫,২৬। ৩ দ্বি ২৭; ১৪,১৫।
৪ ইফ ৫; ৫,৬।

যাহারা অধর্ম্ম কর্ম্মদ্বারা সত্যধর্ম্ম রোধ করে, তাহাদের তাবৎ অসৎ কর্ম্মের ও অধর্ম্মের বিরুদ্ধে স্বর্গহইতে ঈশ্বরের কোপ প্রকাশিত হইতেছে। কারণ ঈশ্বরবিষয়ক যে২ জ্ঞাতব্য, তাহা ঈশ্বর আপনি তাহাদের প্রতি প্রকাশ করাতে তাহাদের অগোচর হয় না। ফলতঃ তাঁহার অনন্ত শক্তি ও ঈশ্বরত্ব প্রভৃতি অদৃশ্য হইলেও তাঁহার কর্ম্মদ্বারা সৃষ্টিকালাবধি জ্ঞাপিত হওয়াতে সুন্দররূপে জানা যাই-তেছে, অতএব তাহাদের উত্তর দিবার পথ নাই। আর ঈশ্বরকে জ্ঞাত হইলেও ঈশ্বরজ্ঞানেতে তাহারা তাঁহার আদর করে নাই, এবং কৃতজ্ঞও হয় নাই, এই নিমিত্তে তাহাদের বিতর্ক সকলি বিফল হইল, এবং তাহাদের বিবেক শূন্য মন অন্ধকারে মগ্ন হইল। তাহারা আপনা-দিগকে জ্ঞানী জানিয়া অজ্ঞান হইল, এবং অনশ্বর ঈশ্ব-রকে গৌরব না দিয়া নশ্বর মনুষ্য ও পশু ও পক্ষী ও উরো-গামি প্রভৃতি আকৃতি বিশিষ্ট প্রতিমাকে তাহা দিল।

এই প্রকারে তাহারা ঈশ্বরের সত্যধর্ম্মের পরিবর্ত্তে মিথ্যাধর্ম্ম গ্রাহ্য করিয়া সত্য সচ্চিদানন্দ সৃষ্টিকর্ত্তাকে ত্যাগ করিয়া সৃষ্ট বস্তুর পূজা ও সেবা করিল; এই জন্যে ঈশ্বর তাহাদিগকে কুক্রিয়াতে সমর্পণ করিয়া আপন ২ কুঅভিলাষেতে আপন ২ শরীরকে পরস্পর অপমানগ্রস্ত করিতে দিলেন। ১

১ রো ১; ১৮-২৫।

১০ অধ্যায়।

## প্রতিমাপূজা পরমেশ্বর কর্ত্তৃক দৃঢ়রূপে নিষিদ্ধ।

যিনি মিসরদেশহইতে অর্থাৎ দাসত্ব রূপ গৃহহইতে তোমাদিগকে আনিয়াছেন, তোমাদের সেই প্রভু পরমেশ্বর আমি। আমার সাক্ষাতে তোমাদের আর কোন দেবতা না থাকুক। এবং তুমি আপনার নিমিত্তে কোন খোদিত প্রতিমা অর্থাৎ উপরিস্থ স্বর্গে কিম্বা নীচস্থ পৃথিবীতে কিম্বা পৃথিবীর নীচস্থ জলেতে স্থিত কোন বস্তুর মূর্ত্তি নির্ম্মাণ করিও না। এবং তাহাদিগকে প্রণাম করিও না, ও তাহাদের সেবাও করিও না, কেননা আমি তোমাদের প্রভু পরমেশ্বর পাপে ক্রোধকারী ঈশ্বর। ১

এই জন্যে যে দিবসে পরমেশ্বর হোরেবের অগ্নির মধ্যহইতে তোমাদের সহিত কথা কহিলেন, সে দিবসে তোমরা কোন মূর্ত্তি দেখিলা না। অতএব তোমরা যেন আপনাদের জন্যে পুরুষের কিম্বা স্ত্রীর কিম্বা কোন প্রাণির মূর্ত্তি বিশিষ্ট প্রতিমা নির্ম্মাণ করিয়া আপনাদিগকে ভ্রষ্ট না কর; এবং পৃথিবীস্থ কোন জন্তু, কিম্বা আকাশে উড্ডীয়মান কোন পক্ষী; কিম্বা ভূচর কোন জন্তু, কিম্বা ভূমির নীচস্থ জলচর কোন জন্তু, ইহাদের প্রতিমূর্ত্তি; কিম্বা আকাশের প্রতি চক্ষু উন্মীলন করিয়া সূর্য্য ও চন্দ্র ও তারা ও আকাশের সমস্ত নক্ষত্র দেখিয়া, তোমাদের প্রভু পর-

---

১ দ্বি ৫; ৬-৯।

মেশ্বর যাহাদিগকে আকাশের নীচস্থ সমস্ত জাতিদের জন্যে স্থাপন করিয়াছেন, তাহাদিগকে প্রণাম ও সেবা করিয়া যেন ভ্রান্ত না হও, এই জন্যে তোমরা আপনাদের বিষয়ে অতি সাবধান থাকিবা। ১

হে ইস্রায়েল বংশ তোমাদের প্রতি উক্ত পরমেশ্বরের কথা শুন। ২

পরমেশ্বর যত্নপূর্ব্বক আপন দাস ভবিষ্যদ্বক্তৃগণকে তোমাদের নিকটে প্রেরণ করেন, কিন্তু তোমরা তাহাতেও অমনোযোগী হইয়া শুনিতে কর্ণপাত কর না। তিনি কহেন, তোমরা এই ক্ষণে আপন২ কুপথ ও দুষ্ক্রিয়াহইতে ফির, এবং পরকীয় দেবগণের সেবা ও পূজা করিতে তাহাদের পশ্চাদ্গামী হইও না, ও আপন হস্তকৃত ক্রিয়াদ্বারা আমাকে ক্রুদ্ধ করিও না; তাহাতে আমি তোমাদের কোন অমঙ্গল করিব না। ৩

তোমরা যেন আপনাদের সহিত স্থিরীকৃত আপন প্রভু পরমেশ্বরের নিয়ম বিস্মৃত না হও, ও তোমাদের প্রভু পরমেশ্বরের নিষিদ্ধ কোন খোদিত প্রতিমা ও কোন প্রাণির প্রতিমূর্ত্তি নির্ম্মাণ না কর, এই জন্যে তোমরা আপনাদের বিষয়ে সাবধান হও। কেননা তোমাদের প্রভু পরমেশ্বর জ্বলন্ত অগ্নিস্বরূপ ও পাপে ক্রোধকারী ঈশ্বর। ৪

হে প্রিয় ভ্রাতৃগণ, দেবপূজাহইতে বিমুখ হও। আমি বিজ্ঞ লোকের সদৃশ তোমাদিগকে কহিতেছি, আপনারা আমার কথার বিবেচনা কর। ৫

---

১ দ্বি ৪; ১৫-১৯। ২ যির ১০; ১। ৩ যির ২৫; ৪-৬। ৪ দ্বি ৪; ২৩,২৪। ৫ ১ ক ১০; ১৪,১৫।

হে প্রিয় বালকগণ, তোমরা দেবপ্রতিমাহইতে আপনাদিগকে রক্ষা কর। ১

কিন্তু যদি তোমাদের মন ফিরে ও তোমরা মনোযোগ না করিয়া ভ্রান্ত হইয়া অন্য দেবগণকে প্রণাম কর ও তাহাদের সেবা' কর; তবে অদ্য আমি তোমাদিগকে জ্ঞাত করিতেছি, তোমরা নিতান্ত বিনষ্ট হইবা, আমি তোমাদের প্রতিকূলে আকাশ ও পৃথিবীকে সাক্ষী করিতেছি; আমি তোমাদের সম্মুখে জীবন ও মৃত্যু, এবং আশীর্ব্বাদ ও শাপ রাখিলাম। অতএব তোমরা আপন প্রভু পরমেশ্বরেতে প্রেম করিতে ও তাঁহার আজ্ঞা মানিতে ও তাঁহাতে আসক্ত হইতে জীবন মনোনীত কর, তাহাতে তোমরা সবংশে বাঁচিবা। ২

---

১১ অধ্যায়।

## প্রতিমাপূজা পরিত্যাগার্থে পরমেশ্বর ইস্রায়েল লোকদিগকে দৃঢ় নিয়মে বদ্ধ করেন।

পরমেশ্বর হোরেবে ইস্রায়েল্ বংশের সহিত যে নিয়ম করিয়াছিলেন, তদ্ভিন্ন মোয়াব্ দেশে তাহাদের প্রতি যাহা করিতে মূসাকে আজ্ঞা দিলেন, সেই নিয়মের এই কথা। ৩

পরে মূসা ইস্রায়েলের সমস্ত বংশকে ডাকিয়া কহিল। পরমেশ্বর তোমাদিগকে যেমন কহিয়াছেন, এবং তোমাদের পূর্ব্বপুরুষ ইব্রাহীম্ ও ইস্হাক্ ও যাকূবের প্রতি যেমন দিব্য করিয়াছেন, তদ্রূপ তিনি যেন তোমাদিগকে

---

১। ১ যো ৫; ২১। ২ দ্বি ৩০; ১৭-১৯। ৩ দ্বি ২৯; ৩১।

আপন লোক স্বরূপ স্থাপন করেন ও তোমাদের ঈশ্বর হন; এই নিমিত্তক যে নিয়ম ও যে দিব্য তোমাদের প্রভু পরমেশ্বর অদ্য তোমাদের সঙ্গে স্থির করিবেন, তোমাদের প্রভু পরমেশ্বরের সহিত তাহা স্থির করিতে তোমরা সকলে, অর্থাৎ তোমাদের বংশীয় সেনাপতিগণ ও প্রাচীনগণ ও অধ্যক্ষগণ ও ইস্রায়েলের তাবৎ পুরুষ ও তোমাদের সন্তানেরা ও ভার্য্যাগণ ও তোমাদের কাষ্ঠচ্ছেদক অবধি জলবাহক পর্য্যন্ত শিবিরের অন্তরস্থ বিদেশি লোকেরা, সকলে অদ্য আপন প্রভু পরমেশ্বরের সাক্ষাতে দণ্ডায়মান আছ। আমি এই নিয়ম ও দিব্য কেবল তোমাদের সহিত করি তাহা নয়; কিন্তু আমাদের প্রভু পরমেশ্বরের সম্মুখে আমাদের সহিত অদ্য এই স্থানে যে জন দাঁড়াইয়া আছে, ও যে জন আমাদের সঙ্গে অদ্য দাঁড়াইয়া নহে, তাহাদেরও সহিত অদ্য আমি এই নিয়ম স্থির করি।

আমরা মিসর্‌দেশে যেরূপে বাস করিয়াছি, এবং সেই জাতিদের নিকট দিয়া যেরূপে আসিয়াছি, তাহা তোমরা জ্ঞাত আছ; এবং তাহাদের ঘৃণার্হ বস্তু অর্থাৎ কাষ্ঠময়ী ও পাষাণময়ী ও স্বর্ণময়ী সকল প্রতিমা দেখিয়াছ। অতএব তোমাদের কোন পুরুষ কিম্বা স্ত্রী কিম্বা পরিবার কিম্বা বংশ এই জাতিদের দেবগণের পশ্চাদ্‌গামী হইয়া তাহাদের সেবা করিতে অদ্য আমাদের প্রভু পরমেশ্বরহইতে মনেতে পরাবৃত্ত যেন না হয়, এবং নাগদানা ও পিত্তোৎপাদক মূল তোমাদের মধ্যে যেন উৎপন্ন না হয়; এবং এই শাপের কথা শুনিয়া, আমি আপন মনের অভিলাষানুসারে চলিয়া তৃষ্ণা প্রযুক্ত মত্ত হইলেও আমার মঙ্গল হইবে, মনে২

আপনাকে এই আশীর্ব্বাদ কেহ যেন না করে, এই বিষয়ে সাবধান হও। পরমেশ্বর তাহাকে ক্ষমা করিতে সম্মত হইবেন না,কিন্তু সেই মনুষ্যের প্রতিকূলে পরমেশ্বরের ক্রোধাগ্নি প্রজ্বলিত হইবে, ও এই পুস্তকে লিখিত তাবৎ শাপ তাহাতে আশ্রয় করিবে,এবং পরমেশ্বর আকাশের অধোহইতে তাহার নাম লোপ করিবেন। এবং পরমেশ্বর এই ব্যবস্থাগ্রন্থে লিখিত নিয়মের তাবৎ শাপানুসারে অমঙ্গলার্থে ইস্রায়েলের সমস্ত বংশহইতে তাহাকে পৃথক করিবেন। তাহাতে পরমেশ্বর এ দেশের উপরে সে সকল আঘাত ও রোগ আনিয়াছেন তাহা, এবং পরমেশ্বর আপন ক্রোধ ও প্রতাপে যে সিদোম্ ও অমোরা ও অদ্মা ও সিবোয়িম্ নষ্ট করিলেন, তাহার মত তাহার সমস্ত ভূমি গন্ধক ও লবণ ও দহনেতে পরিপূর্ণ হইয়া বুনা যায় না, ও ফলোৎপত্তি করে না, ও তাহাতে কোন তৃণ হয় না, এ সকল দেখিয়া তোমাদের পরে উৎপন্ন তোমাদের ভাবি সন্তানদের বংশ এবং দূরদেশহইতে আগত বিদেশি লোকেরা, অর্থাৎ সমস্ত জাতীয়েরা এই কথা কহিবে, পরমেশ্বর এ দেশের প্রতি কেন এমত করিলেন তাঁহার মহা ক্রোধ প্রজ্বলিত হওনের কারণ কি? তখন লোকেরা কহিবে, তাহাদের প্রভু পরমেশ্বর মিসরদেশহইতে তাহাদের পূর্ব্বপুরুষদিগকে বাহির করিয়া আনয়ন সময়ে তাহাদের সহিত যে নিয়ম করিয়াছিলেন, সেই নিয়ম তাহারা লঙ্ঘন করিয়াছে। অর্থাৎ তাহারা যাইয়া অন্য দেবগণের সেবা করিয়াছে এবং আপনাদের অজ্ঞাত ও পরমেশ্বরের অদত্ত দেবগণকে প্রণাম করিয়াছে এই জন্যে

এই পুস্তকে লিখিত সমস্ত শাপ সেই দেশে আশ্রয় করা-ইতে তাহার প্রতি পরমেশ্বরের ক্রোধ প্রজ্বলিত হইল। এবং পরমেশ্বর ক্রোধে ও প্রতাপে ও মহাকোপে সে দেশ হইতে তাহাদিগকে উৎপাটন করিয়া অদ্যকার ন্যায় অন্য দেশে নিক্ষেপ করিলেন। ১

---

১২ অধ্যায়।

## প্রতিমাপূজা মনুষ্যদের ঘোর অজ্ঞানতা দুষ্টতা ও দুঃখের কারণ।

হে ইস্রায়েল বংশ, তোমরা পরমেশ্বরের কথা শুন, কেননা দেশে সত্যতা ও দয়া ও ঈশ্বরীয় জ্ঞান না থাকাতে পরমেশ্বর দেশীয় লোকদের সহিত বিবাদ করেন। ২

যে কেহ প্রতিমাকে মান্য করে সে পশুবৎ, এবং যে কেহ প্রতিমাকে নির্ম্মাণ করে সে লজ্জিত হইবে; কারণ তাহার ছাঁচে ঢালা প্রতিমা সকল মিথ্যা, তাহাদের নিশ্বাস প্রশ্বাস নাই। তাঁহারা অতি অসার, ভ্রমাত্মক মাত্র; দণ্ডের সময়ে তাহারা বিনষ্ট হইবে। ৩

কিন্তু আমার লোক আমার কথা শুনিল না, ও ইস্রা-য়েল্ লোক আমাকে চাহিল না। অতএব আমি তাহা-দিগকে আপন ২ মনের কুঅভিলাষ পূর্ণ করিতে দিলাম, তাহাতে তাহারা আপন ২ পরামর্শানুসারে গমন করিল। ৪

কেননা তাহারা অজ্ঞানরূপ অন্ধকারে অন্ধীভূত হইয়া মনের কাঠিন্য ও আন্তরিক অজ্ঞানতা প্রযুক্ত ঈশ্বরের সে-

---

১ দ্বি ২৯; ১০-২৮। ২ হো ৪; ১। ৩ যির ১০; ১৪,১৫। ৪ গী ৮১; ১১,১২।

বাহইতে পরাঙ্মুখ ও চৈতন্যশূন্য হইয়া কামের অভি-
মতে লালসা পূর্ব্বক তাবৎ অশুচি কর্ম্ম করিতে প্রবৃত্ত
হইতেছে। ১

আর পরদার, ও বেশ্যাগমন, ও অশৌচ ক্রিয়া, ও
কামাভিলাষ, ও প্রতিমাপূজা, ও কুহক, ও শত্রুতা, ও বি-
বাদ, ও দ্বেষ, ও ক্রোধ, ও কলহ, ও পার্থক্য, ও বিধর্ম্মা-
চরণ, ও ঈর্ষ্যা, ও বধ ও মত্ততা, ও লম্পটতা ইত্যাদি সকল
নিতান্ত ইন্দ্রিয়ের কর্ম্ম। ২ (অতএব)

সৈন্যাধ্যক্ষ প্রভু পরমেশ্বর কহেন, তোমার পাপ তো-
মাকেই শাস্তি দিবে, এবং তোমার বিপথগামিত্ব তোমা-
কেই অনুযোগ করিবে; তোমার আপন প্রভু পরমেশ্বর-
কে ত্যাগ করণের ও আমার বিষয়ে ভয় না করণের
ফল অতিমন্দ ও তিক্ত, তাহাও জ্ঞাত হইয়া বুঝিবা। ৩

## তদ্বিষয়ক প্রমাণান্তর।

অতএব সাবধান, অনর্থক বাক্যদ্বারা কেহ তোমাদিগের
ভ্রান্তি না জন্মাউক, কেননা তাদৃশ কুকর্ম্ম প্রযুক্ত অনা-
জ্ঞাবহ লোকেরা ঈশ্বরের ক্রোধপাত্র হয়। ৪

ফলতঃ তাঁহার অনন্ত শক্তি ও ঈশ্বরত্ব প্রভৃতি অদৃশ্য
হইলেও তাঁহার কর্ম্মদ্বারা সৃষ্টিকালাবধি জ্ঞাপিত হও-
য়াতে সুন্দর রূপে জানা যাইতেছে, অতএব তাহাদের
উত্তর দিবার পথ নাই। আর ঈশ্বরকে জ্ঞাত হইলেও
ঈশ্বরজ্ঞানেতে তাঁহারা তাঁহার আদর করে নাই, এবং

---

১ ইফ ৪; ১৮,১৯। ২ গল ৫; ১৯-২১।
৩ যির ২; ১৯। ৪ ইফ ৫; ৬।

কৃতজ্ঞও হয় নাই, এই নিমিত্তে তাহাদের বিতর্ক সকলি বিফল হইল, এবং তাহাদের বিবেক শূন্য মন অন্ধকারে মগ্ন হইল। তাহারা আপনাদিগকে জ্ঞানী জানিয়া অজ্ঞান হইল, এবং অনশ্বর ঈশ্বরকে গৌরব না দিয়া নশ্বর মনুষ্য ও পশু ও পক্ষী ও উরোগামি প্রভৃতি আকৃতি বিশিষ্ট প্রতিমাকে তাহা দিল।

এই প্রকারে তাহারা ঈশ্বরের সত্যধর্ম্মের পরিবর্ত্তে মিথ্যাধর্ম্ম গ্রাহ্য করিয়া সত্য সচ্চিদানন্দ সৃষ্টিকর্ত্তাকে ত্যাগ করিয়া সৃষ্ট বস্তুর পূজা ও সেবা করিল ; এই জন্যে ঈশ্বর তাহাদিগকে কুক্রিয়াতে সমর্পণ করিয়া আপন ২ কুঅভিলাষেতে আপন ২ শরীরকে পরস্পর অপমানগ্রস্ত করিতে দিলেন। তাহারা আপনাদের মনে ঈশ্বরকে স্থান দিতে অসম্মত হওয়াতে ঈশ্বর তাহাদিগকে দুষ্টমনা হইতে ও অসঙ্গত ক্রিয়া করিতে দিলেন। অতএব তাহারা তাবৎ অন্যায় ও ব্যভিচার ও দুষ্টতা ও লোভ ও জিঘাংসা এবং ঈর্ষা ও বধ ও বিবাদ ও চাতুরী ও কুরীতি ইত্যাদি দুষ্কর্ম্মে পরিপূর্ণ হইয়া কর্ণেজপ ও অপবাদী ও ঈশ্বরদ্বেষক ও হিংসক ও অহঙ্কারী ও আত্মশ্লাঘী ও কুকর্ম্মের উৎপাদক ও পিতামাতার অনাজ্ঞাবহ ও অবিচারক ও নিয়ম লঙ্ঘনকারী ও স্নেহরহিত ও অতিদ্বেষী ও নির্দ্দয় হইয়া উঠিল। যাহারা এতদ্রূপ কর্ম্ম করে,তাহারাই মৃত্যুর যোগ্য, ঈশ্বরের এমত বিচার জানিয়াও তাহারা এমত কর্ম্ম আপনারাই করে, তাহা কেবল নয়, কিন্তু এরূপ কর্ম্মকারি লোকেতেও সন্তুষ্ট থাকে।[১]

---

১ রো ১; ২০-২৫ এবং ২৮-৩২।

১৩ অধ্যায়।

# প্রতিমাপূজাহইতে যে সকল পাপকর্ম্ম জন্মে তাহার বিশেষ বৃত্তান্ত।

## ১ জটলা ও মাত্লামী।

যাহারা সুরাপানের চেষ্টা করিতে প্রত্যূষে উঠে এবং দ্রাক্ষারসে উত্তপ্ত হইতে সায়ংকালে অনেক রাত্রি পর্য্যন্ত বসিয়া থাকে, তাহাদের সন্তাপ হইবে। তাহাদের ভোজেতে বীণা ও নেবল্ ও তবল ও বাঁশি ও দ্রাক্ষারসের আয়োজন হয়, কিন্তু তাহারা পরমেশ্বরের কর্ম্ম মানে না, ও তাঁহার হস্তের কর্ম্ম বিবেচনা করে না। ১

বেশ্যাগমন ও দ্রাক্ষারস ও নূতন দ্রাক্ষারসদ্বারা মনুষ্যগণ হতবুদ্ধি হয়। ২

এক সময়ে রাজা বেলশৎসর আপন সহস্র অমাত্যের নিমিত্তে মহাভোজ প্রস্তুত করিল, এবং সেই সহস্রের সাক্ষাতে দ্রাক্ষারস পান করিল। এবং দ্রাক্ষারস পান করণ সময়ে রাজা ও তাহার অধ্যক্ষগণ ও পত্নীগণ ও উপপত্নীগণের পানার্থে পিতামহ নিবূখদ্নিৎসর্ কর্ত্তৃক যিরূশালমস্থ মন্দিরহইতে আনীত যে সুবর্ণ ও রূপার পাত্র, তাহা আনিতে বেল্শৎসর্ আজ্ঞা করিল। তখন যিরূশালমস্থ প্রাসাদহইতে অর্থাৎ ঈশ্বরের মন্দিরহইতে সুবর্ণপাত্র সকল আনীত হইলে রাজা ও অধ্যক্ষগণ ও তাহার পত্নীগণ ও উপপত্নীগণ তাহাতে পান করিল। এবং দ্রাক্ষারস পান

১ যিশ ৫; ১১, ১২। ২ হো ৪; ১২।

করিতে২ সুবর্ণ ও রূপ্য ও পিত্তল ও লৌহ ও কাষ্ঠ ও প্রস্তর নির্ম্মিত প্রতিমাব্দের স্তব করিতে লাগিল। ১

সেই রাত্রিতে কস্‌দীয়দের রাজা বেল্‌শৎসর হত হইল এবং মাদীয় দারা বাষষ্টি বৎসর বয়ঃক্রমে ঐ রাজ্য গ্রহণ করিল। ২

২ ব্যভিচার পরদারাদি গমন।

যে কর্ম্ম কর্ত্তব্য নয়, ইস্রায়েল্‌ বংশ আপন প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে তাহাই গুপ্তরূপে করিল। ৩

আর ঐ লোকদের কৃত যে সমস্ত গুপ্ত কর্ম্ম তাহা মুখাগ্রে আনাও লজ্জার বিষয়। ৪

ইহার নিমিত্তে আমি কি প্রকারে তোমাকে ক্ষমা করিব? তোমার সন্তানগণ আমাকে ত্যাগ করে, ও যাহারা ঈশ্বর নয়, তাহাদের নাম লইয়া শপথ করে; আমি তাহাদিগকে শপথ করাইলেও তাহারা ব্যভিচার করে ও বেশ্যার বাটীতে গিয়া একত্র হয়। তাহারা কামাতুর অশ্বের সদৃশ অস্থির হইয়া প্রত্যেক জন আপন প্রতিবাসিনী স্ত্রীর প্রতি হ্রেষা করে। ৫

এবং কেহ২ আপন প্রতিবাসির ভার্য্যার সহিত ঘৃণার্হ ব্যভিচার করে, ও কেহ২ আপন পুত্রবধূর সহিত অপকর্ম্ম করে, ও কেহ২ বা তোমার মধ্যে আপনার ভগিনীকে অর্থাৎ পিতার কন্যাকে ভ্রষ্টা করে। এবং রক্তপাত করিতে দানগ্রহণকারী লোক তোমার মধ্যে আছে, এবং

---

১ দা ৫; ১-৪। ২ দা ৫; ৩০,৩১। ৩ ২ রা ১৭; ১৯।
৪ ইফ ৫; ১২। ৫ যির ৫; ৭, ৮।

তুমি সুদ ও অতি সুদ গ্রহণ করিতেছ, ও দৌরাত্ম্য করিয়া প্রতিবাসির দ্রব্য লইতেছ, এবং সর্ব্বতোভাবে আমাকে ভুলিতেছ, ইহা প্রভু পরমেশ্বর কহেন। ১

পরে যিহূদা বংশ পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিল; তাহারা অধিক পাপ করিয়া আপন পূর্ব্বপুরুষদের অপেক্ষা তাঁহাকে ক্রুদ্ধ করিল। কারণ তাহারাও প্রত্যেক উচ্চপর্ব্বতে ও প্রত্যেক হরিত বৃক্ষের তলে আপনাদের জন্যে উচ্চস্থানি ও প্রতিমা ও চৈত্য বৃক্ষ স্থাপন করিল; ও দেশে পুংগামি লোক হইল, এবং পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে যাহাদিগকে দূর করিয়াছিলেন, তাহাদের ঘৃণার্হ ক্রিয়ানুসারে কর্ম্ম করিল। ২

## ৩ গণকতা ভেল্কী ও ডাইন ভূতাদি।

আমার লোকেরা আপনাদের কাষ্ঠময় প্রতিমার নিকটে পরামর্শ জিজ্ঞাসা করে, ও তাহাদের দণ্ডরূপ দেবতা তাহাদিগকে উপদেশ দেয়; তাহারা ব্যঁভিচারের প্রভাবে ভ্রান্ত হইয়া পারদারিক লোকদের ন্যায় আপনাদের ঈশ্বরহইতে ভ্রমণ করে। তাহারা পর্ব্বতশৃঙ্গের উপরে বলিদান করে, এবং উপপর্ব্বতের উপরে উত্তম ছায়া প্রযুক্ত অলোন্ ও লিব্নী ও এলা বৃক্ষের তলে ধূপ জ্বালায়; এই জন্যে তাহাদের কন্যাগণ বেশ্যাকর্ম্ম করে, ও তাহাদের বধূগণও ব্যভিচার করে। ৩

তাহারা আপনাদের প্রভু পরমেশ্বরের তাবৎ আজ্ঞা লঙ্ঘন করিল, ও আপনাদের জন্যে ছাঁচে ঢালা দুই বৎস

১ যিহি ২২; ১১, ১২। ২। ১ রা ১৪; ২২-২৪। ৩ হো ৪; ১২, ১৩

নির্ম্মাণ করিল, এবং চৈত্য বৃক্ষ স্থাপন করিল, ও আকাশের জ্যোতির্গণের পূজা ও বালের সেবা করিল। এবং আপনাদের পুত্র কন্যাদিগকে অগ্নিতে প্রবেশ করাইল, এবং গণকতা ও মায়াবিদ্যা করিল, এবং পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিতে ও তাঁহাকে ক্রুদ্ধ করিতে আপনাদিগকে বিক্রয় করিল। ১

এবং পরমেশ্বর যে মন্দিরের বিষয়ে কহিয়াছিলেন, আমি যিরূশালমে আপন নাম স্থাপন করিব, মিনশি পরমেশ্বরের মন্দিরে দেববেদি নির্ম্মাণ করাইল। এবং পরমেশ্বরের গৃহের দুই প্রাঙ্গণে সে আকাশের নক্ষত্রগণের জন্যে বেদি নির্ম্মাণ করাইল। এবং সে আপন পুত্রকে অগ্নিতে প্রবেশ করাইল, ও গণকতা ও মোহন করিল, এবং ভূতড়িয়ার ও গুণির কর্ম্ম করিল; সে পরমেশ্বরকে ক্রুদ্ধ করণার্থে তাঁহার সাক্ষাতে অনেক পাপ কর্ম্ম করিল। ২

অন্যদেশীয়েরা যে বলিদান করে তাহা ঈশ্বরোদ্দেশে না করিয়া ভূতদের উদ্দেশে করে; অতএব ভূতদের সহিত তোমরা সহভাগী হও আমার এমন ইচ্ছা নয়। ৩

৪ বধ অর্থাৎ নরবলি।

তোমার নিয়মের প্রতি দৃষ্টি রাখ; কেননা পৃথিবীর অন্ধকারময় স্থান উপদ্রবির বসতিতে পরিপূর্ণ হইতেছে। ৪

তুমি কি সেই রক্তময় নগরের বিচার করিবা? তবে তা-

---

১। ২রা ১৭; ১৬, ১৭। ২। ২ রা ২১; ৪-৬। ৩। ১ ক ১০; ২০।
৪ গী ৭৪; ২০।

হারই ক্রিয়া তাহাকে জ্ঞাত করা। তুমি বল, প্রভু পরমেশ্বর এই কথা কহেন, হে নগরি; দণ্ডের সময় উপস্থিত করিবার জন্যে তোমার মধ্যে অনেক রক্তপাত হয়, ও তোমার লোকেরা আপনাদিগকে অশুচি করিতে দেবপ্রতিমা নির্ম্মাণ করে। ১

পরমেশ্বর কহেন, যিহূদার সন্তানগণ আমার সাক্ষাতে পাপ করে, এবং আমার নামে বিখ্যাত মন্দিরকে অশুচি করণার্থে তাহার মধ্যে ঘৃণার্হ প্রতিমা রাখে; এবং তাহাদের পুত্র কন্যাগণকে দগ্ধ করণরূপ যে কর্ম্ম করিতে আমি নিষেধ করিয়াছি, ও যাহা মনে গ্রাহ্য করিতে পারি না, তাহা করণার্থে তাহারা হিন্নোমের পুত্রের উপত্যকাস্থিত তোফতে উচ্চস্থান নির্ম্মাণ করে। ২

---

## উক্ত বিষয়ক বিশেষ উদাহরণ।

মিনশি দ্বাদশ বৎসর বয়সে রাজত্ব করিতে আরম্ভ করিয়া যিরূশালমে পঞ্চান্ন বৎসর রাজত্ব করিল। কিন্তু পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে যে অন্যদেশীয়দিগকে দূর করিয়াছিলেন, তাহাদের ন্যায় সে পরমেশ্বরের সাক্ষাতে ঘৃণার্হ কর্ম্ম করিয়া পাপ করিল।

তাহার পিতা হিষ্কিয় যে২ উচ্চস্থান ভাঙ্গিয়াছিল, সে তাহা পুনর্ব্বার নির্ম্মাণ করাইল, এবং বালের নিমিত্তে বেদি প্রস্তুত করাইল, ও চৈত্যবৃক্ষ স্থাপন করিল, এবং

---

১ যিহি ২২; ২-৪। ২ যির ৭; ৩০, ৩১।

আকাশীয় তাবৎ নক্ষত্রের ভজনা ও সেবা করিল। পরমেশ্বর যে মন্দিরের বিষয়ে কহিয়াছিলেন, আমার নাম যিরূশালমে নিত্য থাকিবে, পরমেশ্বরের সেই মন্দিরে সে দেববেদি নির্ম্মাণ করাইল। এবং পরমেশ্বরের গৃহের দুই প্রাঙ্গণে সে আকাশের নক্ষত্রগণের জন্যে বেদি নির্ম্মাণ করাইল। এবং সে আপন বালকগণকে হিন্নোমের উপত্যকাতে অগ্নিতে প্রবেশ করাইল, ও গণকতা ও মোহন করিল, এবং মায়াবীর ও ভূতড়িয়ার ও গুণির কর্ম্ম করিল; সে পরমেশ্বরকে ক্রুদ্ধ করণার্থে তাঁহার সাক্ষাতে অনেক পাপকর্ম্ম করিল। ১

মিনশি পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিয়া যিহূদা বংশকেও পাপেতে প্রবৃত্তি দিল, এবং তাহার সেই পাপ ভিন্ন সে অনেক নির্দ্দোষের রক্তপাত করিয়া যিরূশালমকে এক সীমাবধি অন্য সীমা পর্য্যন্ত রক্তেতে পরিপূর্ণ করিল। ২

অপর আপনায় অসহ্য যুদ্ধ হইতেছে, ইহা দেখিয়া মোয়াবের রাজা ইদোমের রাজার নিকটে ভেদ করিয়া যাইবার জন্যে সাত শত অস্ত্রধারিকে আপনার সঙ্গে লইল; কিন্তু তাহারা পারিল না। পরে তাহার রাজপদে অভিষেচনীয় আপন জ্যেষ্ঠ পুত্রকে লইয়া ভিত্তির উপরে হোম করিল, তাহাতে ইস্রায়েলের বিরুদ্ধে অতিশয় ক্রোধ উৎপন্ন হইল; পরে তাহারা তাহার নিকটহইতে যাত্রা করিয়া আপন দেশে ফিরিয়া গেল। ৩

তথাপি প্রত্যেক জাতীয় লোকেরা আপন২ দেবগণ

---

১। ২ বং ৩৩; ৩-৬। ২। ২ রা ২১; ১৬। ৩। ২ রা ৩; ২৬, ২৭।

নির্ম্মাণ করিল, এবং শোমিরোণীয়েরা যে ২ উচ্চস্থানে মন্দির করিয়াছিল সেই ২ স্থানে, এবং আপন ২ নিবাস-নগরে প্রত্যেক জাতিরা আপন ২ দেবগণকে স্থাপন করিল। সেই রূপে বাবিলের লোকেরা সুক্কোৎ-বিনোৎকে নির্ম্মাণ করিল, ও কূথীয় লোকেরা নের্গল্‌কে, ও হমাতের লোকেরা অশীমাকে নির্ম্মাণ করিল। এবং অব্বীয়েরা নিভস্‌ ও তর্ত্তক্‌কে নির্ম্মাণ করিল, ও সিফর্ব্বীয়েরা সিফর্ব্বয়িমের দেবতার অর্থাৎ অদ্রম্মেলকের ও অনম্মেলকের উদ্দেশে আপন বালকগণকে দগ্ধ করিল। ১

---

১৪ অধ্যায়।

## পৌত্তলিকদের প্রতি ঈশ্বরের মহা কোপ।

হে আকাশ কর্ণ দেও, আমি কহি; ও হে পৃথিবী, আমার মুখের কথা শুন। ২

যাহারা অধর্ম্ম কর্ম্মদ্বারা সত্য ধর্ম্ম রোধ করে তাহাদের তাবৎ অসৎকর্ম্মের ও অধর্ম্মের বিরুদ্ধে স্বর্গহইতে ঈশ্বরের কোপ প্রকাশিত হইতেছে। কারণ ঈশ্বর বিষয়ক যে২ জ্ঞাতব্য, তাহা ঈশ্বর আপনি তাহাদের প্রতি প্রকাশ করাতে তাহাদের অগোচর হয় না। ফলতঃ তাঁহার অনন্ত শক্তিতে ঈশ্বরত্ব প্রভৃতি অদৃশ্য হইলেও তাঁহার কর্ম্মদ্বারা সৃষ্টিকালাবধি জ্ঞাপিত হওয়াতে সুন্দররূপে জানা যাইতেছে; অতএব তাহাদের উত্তর দিবার পথ নাই। ৩

ইহার নিমিত্তে আমি তোমাকে কি প্রকারে ক্ষমা

---

১। ২রা ১৭; ২৯; ৩০, ৩১। ২ দ্বি ৩২; ১। ৩ রো ১; ১৮-২০।

করিব? তোমার সন্তানগণ আমাকে ত্যাগ করে, ও যাহারা ঈশ্বর নয়, তাহাদের নাম লইয়া শপথ করে; আমি তাহাদিগকে শপথ করাইলেও তাহারা ব্যভিচার করে ও বেশ্যার বাটীতে গিয়া একত্র হয়। তাহারা কামাতুর অশ্বের সদৃশ অস্থির হইয়া প্রত্যেক জন আপন প্রতি-বাসিনী স্ত্রীর প্রতি হ্রেষা করে পরমেশ্বর কহেন, এই সকলের নিমিত্তে আমি কি তাহাদিগকে দণ্ড দিব না ও এমত লোকদিগকে কি প্রতিফল দিব না? ১

প্রতিফল দেওয়া আমার কর্ম্ম; যে সময়ে তাহাদের পা পিচ্ছলিবে, সেই সময়ে তাহাদের দণ্ড হইবে; তাহাদের ক্লেশের দিবস নিকটবর্ত্তী, ও তাহাদের প্রতি নিরূপিত দুর্গতি শীঘ্র আসিবে। ২

ব্যভিচারী, কি লম্পট, কি দেবপূজকদের মধ্যে গণিত লোভী, ইহারা খ্রীষ্টের অর্থাৎ ঈশ্বরের রাজ্যে কোন অধি-কার পাইবে না। কিন্তু যাহারা ভীরু ও অবিশ্বাসী ও ঘৃণ্য কর্ম্মকারী ও নরহত্যাকারী ও বেশ্যাগামী ও মায়ারী ও দেবপূজক, তাহারা এবং তাবৎ মিথ্যাবাদী অগ্নি ও গন্ধ-কের প্রজ্বলিত হ্রদে অধিকার পাইবে; এই দ্বিতীয় মৃত্যু। ৩

কিন্তু যিশরূণ হৃষ্টপুষ্ট স্থূল হইয়া পদাঘাত করিল এবং তাহারা হৃষ্টপুষ্ট ও তৃপ্ত হইয়া আপন সৃষ্টিকর্ত্তা ঈশ্বরকে ত্যাগ করিল ও আপন ত্রাণের পর্ব্বতকে লঘু জ্ঞান করিল, ও তাহারা অন্য দেবগণের পূজা করিয়া তাঁহাকে ক্রুদ্ধ করিল ও ঘৃণার্হ কর্ম্ম করিয়া তাঁহার ক্রোধ

১ যির ৫; ৭। ২ দ্বি ৩২; ৩৫। ৩ ইফ ৫; ৫।

জন্মাইল। এবং তাহারা ঈশ্বরের উদ্দেশে বলিদান করিয়া পূর্ব্বে যে দেবগণকে জানিত না, অর্থাৎ তোমাদের পূর্ব্বপুরুষেরা যাহাদিগকে ভয় করে নাই, এমত আধুনিক ও নিকটবর্ত্তি স্থানহইতে উপস্থিত দেবগণের উদ্দেশে হোম করিল। এবং তাহারা আপন জন্মদায়ি পর্ব্বতকে মানিল না, ও আপন সৃষ্টিকারি ঈশ্বরকে বিস্মৃত হইল। এমত দেখিয়া পরমেশ্বর আপন পুত্র ও কন্যাদের প্রতি অসন্তুষ্ট হইয়া ঘৃণা করিয়া কহিলেন, আমি তাহাদের হইতে আপন মুখ আচ্ছাদিত করিব; তাহাতে তাহাদের শেষ কি ঘটিবে, তাহা আমি দেখিব; কেননা তাহারা সবংশে বিপথগামী, ও সকুলে বিশ্বাসহীন। তাহারা অনীশ্বরদ্বারা আমার ক্রোধ জন্মায়, ও আপনং বিগ্রহদ্বারা আমাকে কোপান্বিত করে; এবং আমিও অগণ্য লোকের দ্বারা তাহাদিগকে উত্তাপযুক্ত করিব, ও বাতুল জাতিদ্বারা তাহাদিগকে ক্রোধান্বিত করিব। আমার ক্রোধরূপ অগ্নি প্রজ্বলিত হইলে অধঃস্থ নরক পর্য্যন্ত দগ্ধ করিবে, এবং পৃথিবী ও তন্মধ্যস্থ উৎপন্ন বস্তু নষ্ট করিবে, ও পর্ব্বতের মূল প্রজ্বলিত করিবে। আমি তাহাদের অমঙ্গল বৃদ্ধি করিব, ও তাহাদের প্রতি আমার বাণ সকল ত্যাগ করিব। এবং তাহারা দুর্ভিক্ষে ক্ষীণ হইবে, এবং মহামারীতে ও কঠিন সংহারেতে বিনষ্ট হইবে, ও আমি তাহাদের প্রতি জন্তুদের দন্ত ও ধূলিগ সর্পের বিষ প্রেরণ করিব। এবং বাহিরে খড়্গ ও অন্তরে ভয়দ্বারা তাহাদের যুবা ও কুমারী ও দুগ্ধপোষ্য ও শুক্লকেশ বৃদ্ধ বিনষ্ট হইবে। ১

---

১ দ্বি ৩২; ১৫ ২৫।

## ইহার বিশেষ উদাহরণ।

### ১ স্বর্ণ বৎসের উপাখ্যান।

অনন্তর পর্ব্বতহইতে নামিতে মূসার বিলম্ব দেখিয়া লোকেরা হারোণের নিকটে একত্র হইয়া তাহাকে কহিল, উঠ, আমাদের অগ্রসর হইয়া যাইতে আমাদের নিমিত্তে দেবতা নির্ম্মাণ কর, কেননা মিসর্ দেশহইতে আমাদিগকে বাহির করিয়া আনিল যে মূসা, তাহারি কি দশা ঘটিল, তাহা আমরা জানি না।

তখন পরমেশ্বর মূসাকে কহিলেন, তুমি নামিয়া যাও, কেননা তুমি মিসর্হইতে যে লোকদিগকে বাহির করিয়া আনিলা তাহারা ভ্রষ্ট হইয়াছে। এবং আমি তাহাদিগকে যে পথের বিষয়ে আজ্ঞা দিলাম, তাহাহইতে তাহারা শীঘ্র বহির্ভূত হইল, ফলতঃ তাহারা আপনাদের নিমিত্তে এক ছাঁচে ঢালা বাছুর নির্ম্মাণ করিয়া তাহার পুজা করিল, এবং তাহার কাছে বলিদান করিয়া কহিল, হে ইস্রায়েল্ বংশ, যে দেবতা মিসর্দেশহইতে তোমাকে বাহির করিয়া আনিল, সে এই। অপর পরমেশ্বর মূসাকে আরো কহি-লেন, আমি এই লোকদিগকে দেখিলাম; দেখ, ইহারা অতিশয় অবাধ্য। অতএব তুমি ক্ষান্ত হও, আমি তাহাদের প্রতিকূলে ক্রোধ প্রজ্বলিত করিয়া তাহাদিগকে বিনষ্ট করিব, কিন্তু তোমাকে বড় জাতির মূল করিব।

তখন মূসা সাক্ষ্যরূপ দুই প্রস্তর হস্তে লইয়া ফিরিয়া পর্ব্বতহইতে নামিল; ঐ প্রস্তরের এ পৃষ্ঠে ও পৃষ্ঠে দুই

পৃষ্ঠেই লিখিত ছিল। ঐ প্রস্তর ঈশ্বরের নির্ম্মিত এবং তাহাতে খোদিত লিখনও ঈশ্বরের লিখন। পরে লোকেরা উচ্চৈঃস্বর করিলে যিহোশূয় তাহাদের কলরব শুনিয়া মূসাকে কহিল, শিবিরেতে যুদ্ধের শব্দ হইতেছে। তাহাতে সে কহিল, ইহা জয়ধ্বনির শব্দ নয়, এবং পরাজয়ধ্বনির শব্দ নয়, কিন্তু আমি গানের শব্দ শুনিতেছি।

পরে সে শিবিরের নিকটবর্ত্তী হইলে ঐ বাছুর এবং লোকদের নৃত্য দেখিল; তাহাতে মূসা ক্রোধে প্রজ্বলিত হইয়া আপন হস্তহইতে সেই দুই প্রস্তর ফেলিয়া দিয়া পর্ব্বতের তলে তাহা ভাঙ্গিল। এবং তাহাদের নির্ম্মিত বাছুর লইয়া অগ্নিতে দগ্ধ করিল, এবং তাহা ধূলিরূপ পিষিয়া জলে ছড়াইয়া ইস্রায়েল্ বংশকে পান করাইল।

পরে মূসা হারোণ্কে কহিল, এই লোকেরা তোমার প্রতি কি করিল? তুমি ইহাদিগকে কেন এত পাপ করাইলা? তাহাতে হারোণ্ কহিল, হে প্রভো, ক্রোধ প্রজ্বলিত করিও না; এই লোকেরা দুষ্টতাতে আসক্ত, তাহা আপনি জ্ঞাত আছেন। ইহারা আমাকে কহিল, আমাদের অগ্রসর হইতে আমাদের নিমিত্তে দেবতা নির্ম্মাণ কর কেননা মিসর্দেশহইতে আমাদিগকে বাহির করিয়া আনিল, যে মূসা তাঁহার কি দশা ঘটিল, তাহা আমরা জানি না। তখন আমি কহিলাম, তোমাদের যে স্বর্ণ থাকে তাহা খুলিয়া দেও; তাহাতে তাহারা আমাকে তাহা দিল; আমি তাহা লইয়া অগ্নিতে নিক্ষেপ করিলে তাহাহইতে এই বৎস নির্গত হইল।

পরে মূসা লোকদের নগ্নতা দেখিল, কেননা হারোণ

তাহাদের অপমানের জন্যে তাহাদের শত্রুদের মধ্যে তাহাদিগকে নগ্ন করিয়াছিল। তখন মূসা শিবিরের দ্বারে দাঁড়াইয়া কহিল, পরমেশ্বরের পক্ষে কে? সে আমার নিকটে আইসুক; তাহাতে লেবির সন্তানগণ তাহার নিকটে একত্র হইল। পরে সে তাহাদিগকে কহিল, ইস্রায়েলের প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা প্রত্যেক জন আপন২ উরুতে খড়্গ বাঁধিয়া শিবিরের মধ্য দিয়া এক দ্বার অবধি অন্য দ্বার পর্য্যন্ত গতায়াত কর, ও প্রতি জন আপন২ ভ্রাতা ও মিত্র ও প্রতিবাসিকে বধ কর। তাহাতে লেবির সন্তানেরা মূসার বাক্যানুসারে তদ্রূপ করিলে সেই দিনে লোকদের মধ্যে ন্যূনাধিক তিন সহস্র লোক মারা পড়িল। ১

২ অহসিয় ও রাজার উপাখ্যান।

এবং অহসিয় শোমিরোণস্থিত আপন গৃহের উপরিস্থ কুঠরীর বাতায়ন দিয়া পতিত হইয়া পীড়িত হইল; তাহাতে সে আপন দূতগণকে এই কথা কহিল, তোমরা যাইয়া আমি এই পীড়াহইতে মুক্ত হইব কি না? ইহা ইক্রোণের বাল্-সিবূব্ দেবতাকে জিজ্ঞাসা কর। কিন্তু পরমেশ্বরের দূত তিশ্‌বীয় এলিয়কে কহিল, তুমি উঠিয়া শোমিরোণের রাজার দূতগণের সহিত সাক্ষাৎ করিতে যাইয়া তাহাদিগকে এই কথা কহ, ইস্রায়েল্ দেশে কি ঈশ্বর নাই? এই জন্যে তোমরা ইক্রোণের দেবতা বাল্‌সিবূবের কাছে জিজ্ঞাসা করিতে যাইতেছ? পর-

১ যা ৩২; ১ এবং ৭-১০ এবং ১৫; ২৪।

মেশ্বর এই কথা কহেন, তুমি যে শয্যাগত হইয়াছ, তাহা-হইতে উঠিতে পারিবা না, অবশ্য মরিবা; তাহাতে এলিয় প্রস্থান করিল।

পরে দূতগণ ফিরিয়া রাজার নিকটে আইলে সে জিজ্ঞাসা করিল, তোমরা কেন ফিরিয়া আইলা? তাহারা উত্তর করিল, এক জন আসিয়া আমাদের সহিত সাক্ষাৎ করিয়া কহিল, যে রাজা তোমাদিগকে জিজ্ঞাসা করিতে লোক পাঠাইতেছে তাহাকে কহ, পরমেশ্বর কহিতেছেন তুমি যে শয্যাগত হইয়াছ, তাহাহইতে উঠিতে পারিবা না, অবশ্য মরিবা।

পরে সে এলিয় প্রমুখাৎ পরমেশ্বরের বাক্যানুসা-রে মরিল। ১

## ৩ হেরোদ রাজার উপাখ্যান।

অপর সোর ও সীদোন দেশীয় লোকদের প্রতি হেরোদ রাজা অতি ক্রুদ্ধ হইয়াছিল, কিন্তু তাহারা একপরামর্শে তাহার নিকটে উপস্থিত হইয়া ব্লাষ্ট নামক তাহার বস্ত্রগৃহাধ্যক্ষকে সহায় করিয়া হেরোদের সহিত সন্ধি প্রার্থনা করিল, কেননা রাজার দেশদ্বারা তাহাদের দেশের ভরণ পোষণ হইত। অতএব এক নিরূপিত দি-বসে হেরোদ রাজবস্ত্র পরিধান পূর্ব্বক সিংহাসনে বসিয়া তাহাদের প্রতি কথা প্রস্তাব করিল; তাহাতে লোকেরা উচ্চৈঃস্বরে উত্তর করিল, এ মানুষের রব নহে, দেবতার রব। কিন্তু হেরোদ ঈশ্বরের সম্মান করিল না, এই জন্যে

---

১। ২ রা ১; ২-৬ এবং ১৭।

পরমেশ্বরের দূত হঠাৎ তাহাকে প্রহার করিল, তাহাতে সে কীটদ্বারা ক্ষয়প্রাপ্ত হইয়া প্রাণত্যাগ করিল। ১

---

## ৪ প্রতিমা পূজার নিমিত্তে এক মহাজাতির ঈশ্বর কর্তৃক পরিত্যক্ত হওন।

পরে অশূরের রাজা তাবৎ দেশ হস্তগত করিল, ও শোমিরোণে যাইয়া তিন বৎসর পর্য্যন্ত তাহা রোধ করিয়া থাকিল। পরে হোশেয়ের অধিকারের নবম বৎসরে অশূরের রাজা শোমিরোণ্ হস্তগত করিয়া ইস্রায়েল্ লোকদিগকে অশূর্ দেশে লইয়া গেল, এবং হলহে ও গোষন্ দেশীয় হাবোব্ নদীতীরে ও মাদীয়দের নগরে তাহাদিগকে স্থাপন করিল। কেননা ইস্রায়েল্ বংশকে মিসর্ দেশহইতে অর্থাৎ মিসরের ফিরৌণ্ রাজের হস্তহইতে আনিয়াছিলেন যে তাহাদের প্রভু পরমেশ্বর, তাঁহার বিরুদ্ধে তাহারা পাপ করিল ও অন্য দেবগণকে ভয় করিল। এবং পরমেশ্বর ইস্রায়েল্ বংশের সম্মুখহইতে যে অন্যদেশীয়দিগকে দূর করিয়াছিলেন, তাহাদের এবং ইস্রায়েলের রাজগণের নির্ণীত বিধির অনুসারে চলিল। যে কর্ম্ম কর্ত্তব্য নয়, ইস্রায়েল্ বংশ আপন প্রভু পরমেশ্বরের বিরুদ্ধে তাহাই গুপ্তরূপে করিল, এবং রক্ষাগৃহ অবধি প্রাচীর বেষ্টিত নগর পর্য্যন্ত আপনাদের সকল নগরে আপনাদের জন্যে উচ্চস্থান নির্ম্মাণ করিল

---

১ প্রে ১২; ২০,২৩।

এবং প্রত্যেক উচ্চ পর্ব্বতের উপরে ও প্রত্যেক নবীন বৃক্ষের নীচে প্রতিমা ও চৈত্য বৃক্ষ স্থাপন করিল। এবং পরমেশ্বর তাহাদের সম্মুখহইতে যে অন্যদেশীয়দিগকে দূর করিয়াছিলেন, তাহাদের ন্যায় আপনাদের সকল উচ্চ-স্থানে ধূপ জ্বালাইল, এবং পরমেশ্বরকে ক্রুদ্ধ করিতে পাপ করিল। এবং পরমেশ্বর যে বিষয়ে কহিয়াছিলেন, এমত কর্ম্ম করিও না, তাহাই অর্থাৎ দেবগণের সেবা করিল। তথাপি তোমরা আপনাদের পাপপথহইতে ফির, এবং আমি তোমাদের পিতৃলোকদিগকে যে সমস্ত ব্যবস্থা দিয়াছি, ও আমার ভবিষ্যদ্বক্তৃ দাসদের হস্তদ্বারা তোমাদের নিকটে পাঠাইয়াছি, তদনুসারে আমার আজ্ঞা ও বিধি পালন কর, এ কথা কহিয়া পরমেশ্বর সকল ভবিষ্যদ্বক্তা ও দর্শকদের দ্বারা ইস্রায়েলের ও যিহূদার বিরুদ্ধে সাক্ষ্য দিলেন। কিন্তু তাহারা তাহা শুনিতে সম্মত না হইয়া তাহাদের প্রভু পরমেশ্বরেতে অপ্রত্যয়কারি পূর্ব্বপুরুষদের ন্যায় আপনাদের গ্রীবা দৃঢ় করিল। এবং তাহারা তাঁহার বিধি, এবং তাহাদের পিতৃলোকদের প্রতি স্থাপিত তাঁহার নিয়ম, এবং তাহাদের প্রতি দত্ত তাঁহার সাক্ষ্য অবজ্ঞা করিয়া অসার প্রতিমার অনুগামী হইল; এবং পরমেশ্বর যে চতুর্দ্দিগস্থ অন্যদেশীয়দের অনুযায়ি কর্ম্ম করিতে নিষেধ করিয়াছিলেন, তাহারা হত-বুদ্ধি হইয়া তাহাদেরই অনুগামী হইল। তাহারা আপ-নাদের প্রভু পরমেশ্বরের তাবৎ আজ্ঞা লঙ্ঘন করিল, ও আপনাদের জন্যে ছাঁচে ঢালা দুই বৎস নির্ম্মাণ করিল, এবং চৈত্য বৃক্ষ স্থাপন করিল, ও আকাশের জ্যোতির্গ-

গের পূজা ও বালের সেবা করিল। এবং আপনাদের পুত্র কন্যাদিগকে অগ্নিতে প্রবেশ করাইল, এবং গণকতা ও মায়াবিত্তা করিল, এবং পরমেশ্বরের সাক্ষাতে পাপ করিতে ও তাঁহাকে ক্রুদ্ধ করিতে আপনাদিগকে বিক্রয় করিল। এই জন্যে পরমেশ্বর ইস্রায়েল্ বংশের প্রতি বড় ক্রুদ্ধ হইলেন ও তাহাদিগকে আপন সাক্ষাৎহইতে দূর করিলেন; কেবল যিহূদার বংশ ব্যতিরেকে আর কেহ অবশিষ্ট থাকিল না। ১

---

১৫ অধ্যায়।

## সত্য পরমেশ্বর পরায়ণ লোকেরা কদাচ প্রতিমাপূজা করিবে না।

হে পরমেশ্বর, তুমি আমার প্রভু, তোমা বিনা আমার কিছু মঙ্গল নাই এ কথা আমি তোমাকে কহিয়াছি। যাহারা অন্যের পূজাতে সত্বর হয়, তাহাদের দুঃখের বৃদ্ধি হইবে; তাহাদের খর্পরের রক্ত আমি উৎসর্গ করিব না, এবং আপন ওষ্ঠাধরে তাহাদের নামও লইব না। ২

পরমেশ্বরের প্রতিকূলে আজ্ঞা লঙ্ঘন করিয়া পরমেশ্বরের পশ্চাদ্গমনহইতে অদ্য পরাবৃত্ত হই, এমন না হউক। ৩

যেহেতুক সত্যতার সপক্ষ হইয়া আমরা কর্ম্ম করিতে পারি, কিন্তু সত্যতা বিরুদ্ধ কোন কর্ম্মই করিতে পারি না। ৪

---

১। ২ রা ১৭; ১৫-২০। ২ গী ১৬, ২,৪। ৩ যি ২২; ২৯। ৪। ২ ক ১৩; ৮।

তাহাতে যাকূব্ আপন পরিজনদিগকে ও সঙ্গি লোক-দিগকে কহিল, তোমাদের কাছে যে সকল দেবপ্রতিমা আছে, তোমরা তাহা দূর করিয়া অন্য বস্ত্র পরিধান করিয়া শুদ্ধ হও। এবং আইস, আমরা উঠিয়া বৈথেলে যাই; এবং যে ঈশ্বর আমার দুঃখসময়ে প্রার্থনা শুনিয়া আমার গমন পথে সহায় হইয়াছেন, তাঁহার উদ্দেশে সেই স্থানে এক যজ্ঞবেদি নির্ম্মাণ করি। তাহাতে তাহারা আপনাদের নিকটস্থিত দেব প্রতিমা ও কর্ণকুণ্ডল সকল লইয়া যাকূব্কে দিলে সে ঐ সকল লইয়া শিখিম্ দেশস্থিত অলোন্ বৃক্ষের তলে পুতিয়া রাখিয়া তথাহইতে যাত্রা করিল। ১

১ প্রতিমাপূজার বিরুদ্ধে ইস্রায়েলদিগের প্রতি যিহোশূয়ের উপদেশ।

যদ্যপি পরমেশ্বরের সেবা করা তোমাদের মন্দ বোধ হয়, তবে কাহার, অর্থাৎ নদীর ওপারস্থিত তোমাদের পূর্ব্বপুরুষদের সেবিত দেবগণের, কিম্বা তোমাদের নিবাস-দেশায় ইমোরীয়দের দেবগণের, কাহার সেবা করিবা, তা-হাকে মনোনীত কর; কিন্তু আমি ও আমার পরিজন আ-মরা সকলে পরমেশ্বরের সেবা করিব। তাহাতে লোকে-রা উত্তর করিল, আমরা যে অন্য দেবগণের সেবার জন্যে পরমেশ্বরকে ত্যাগ করি, এমত না হউক। কেননা যে পর-মেশ্বর আমাদিগকে ও আমাদের পিতৃলোকদিগকে মিসর-রূপ দাসত্বাগারহইতে আনিলেন, ও আমাদের দৃষ্টিগোচরে মহাচিহ্ন প্রকাশ করিলেন, এবং আমাদের গন্তব্য সমস্ত

১ ও। ৩৫; ২-৪।

পথে ও যে২ লোকদের মধ্য দিয়া গেলাম, তাহাদের মধ্যে আমাদিগকে রক্ষা করিলেন, তিনি আমাদের প্রভু পরমেশ্বর। পরমেশ্বর সমস্ত লোকদিগকে অর্থাৎ দেশনিবাসি ইমোরীয়দিগকে আমাদের সম্মুখহইতে দূর করিলেন, অতএব আমরাও পরমেশ্বরের সেবা করিব, তিনিই আমাদের প্রভু। তাহাতে যিহোশূয় লোকদিগকে কহিল, বুঝি তোমরা পরমেশ্বরের সেবা করিতে পারিবা না, কেননা তিনি ধর্ম্মস্বরূপ ঈশ্বর ও পাপে ক্রোধকারি ঈশ্বর; তিনি তোমাদের আজ্ঞালঙ্ঘন ও পাপ ক্ষমা করিবেন না। তোমরা যদি পরমেশ্বরকে ত্যাগ করিয়া অন্য দেবগণের সেবা কর, তবে তিনি ফিরিয়া তোমাদিগকে ক্লেশ দিবেন, ও মঙ্গল করিলে পর তোমাদিগকে সংহার করিবেন। পরে লোকেরা যিহোশূয়কে কহিল, না, আমরা পরমেশ্বরের সেবা করিব। যিহোশূয় লোকদিগকে কহিল, তোমরা পরমেশ্বরের সেবা করণার্থে তাঁহাকেই মনোনীত করিয়াছ, এ বিষয়ে তোমরা আপনাদের প্রতিকূলে আপনারা সাক্ষী হইলা; তাহাতে তাহারা কহিল, হাঁ, আমরা সাক্ষী হইলাম। পরে সে কহিল, তোমরা এখন আপনাদের মধ্যস্থিত দেবগণকে দূর কর, ও ইস্রায়েলের প্রভু পরমেশ্বরের উদ্দেশে আপনাদের মন প্রস্তুত কর। পরে লোকেরা যিহোশূয়কে কহিল, আমরা আপনাদের প্রভু পরমেশ্বরের সেবা করিব, ও তাঁহার কথা মানিব। তাহাতে যিহোশূয় সেই দিবসে লোকদের সহিত নিয়ম স্থির করিয়া শিখিমে তাহাদের জন্যে ব্যবস্থা ও বিধি স্থাপন করিল। ১

---

১ যি ২৪; ১৫-২৫।

## ২ পৌল ও বর্ণব্বা নামক খ্রীষ্টের দুই শিষ্যের পূজা গ্রহণ করিতে অস্বীকার করণ।

তাহাতে উভয় চরণে চলৎশক্তিরহিত জন্মাবধি খঞ্জ কখনো গমন করে নাই, এমন যে এক মনুষ্য লুস্ত্রা নগরে ছিল, সে বসিয়া পৌলের কথা শুনিতেছিল। ইতিমধ্যে পৌল তাহার প্রতি দৃষ্টিপাত করিয়া তাহার সুস্থ হওনের বিশ্বাস বুঝিয়া উচ্চৈঃস্বরে কহিল, চরণে ভর করিয়া সোজা হইয়া দাঁড়াও; তাহাতে সে লম্ফ দিয়া গতায়াত করিতে লাগিল। তখন লোকেরা পৌলের সেই কার্য্য দেখিয়া লুকায়নীয় ভাষাতে উচ্চৈঃস্বরে এই কথা কহিতে লাগিল, দেবতারা মনুষ্যরূপ ধারণ করিয়া আমাদের নিকটে নামিয়া আইলেন। এবং তাহারা বর্ণব্বাকে যূপি-তর করিয়া বলিল, এবং পৌল প্রধান বক্তা, এই প্রযুক্ত তাহাকে মর্কুরিয় বলিল। পরে ঐ নগরের সম্মুখে স্থাপিত যুপিতর্ বিগ্রহের যাজক বলদ ও পুষ্পের মালা নগর-দ্বারের নিকটে আনিয়া লোকদের সহিত তাহাদিগের উদ্দেশে উৎসর্গ করিয়া দিতে উদ্যত হইল। কিন্তু বর্ণব্বা ও পৌল প্রেরিত ইহার সংবাদ পাইয়া, আপনাদের বস্ত্র ছিঁড়িয়া লোকদের মধ্যে বেগেতে প্রবেশ করিয়া উচ্চৈঃস্বরে কহিতে লাগিল, হে মহাশয়েরা, এমন কর্ম্ম কেন কর? আমরাও তোমাদের মত সুখদুঃখ ভোগী মনুষ্য; আর তোমরা এই সকল বৃথা কল্পনা ত্যাগ করিয়া, যিনি আকাশ ও পৃথিবী ও সমুদ্র ও তন্মধ্যস্থ সকলেরই সৃষ্টিকর্ত্তা, সেই অমর ঈশ্বরের প্রতি যেন ফির, এই জন্যে আমরা তোমা-

দের নিকটে সুসমাচার প্রচার করিতেছি। তিনি পূর্ব্বকালে তাবদ্দেশীয় লোকদিগকে আপন২ পথে চলিতে দিলেও তাহাদের হিতৈষী হইয়া আকাশহইতে জল বর্ষণদ্বারা নানা প্রকার শস্যোৎপত্তি করণপূর্ব্বক ভক্ষ্যেতে ও আনন্দেতে তোমাদেরও অন্তঃকরণ তৃপ্ত করিয়া সে সকল বস্তুকে আপনার সাক্ষিস্বরূপ রাখিলেন। কিন্তু এতদ্রূপ কথা কহিলেও তাহাদের উদ্দেশে বলিদান করণহইতে লোকসমূহকে প্রায় ক্ষান্ত করিতে পারিল না। ১

---

াম কর, তবে ভালই;

৩ প্রতিমাপূজা অস্বীকার করণ প্র ণ্ড প্রজ্বলিত অগ্নিকুণ্ডে

নিক্ষিপ্ত তিন জন ধার্ম্মিক হইতে তোমাদিগকে

আশ্চর্য্য উপাখ্যান। াছে? তখন শদ্রুক্ ও

রাজা নিবূখদ্নিৎসর্ ষষ্টি হস্ত স্তর করিল, হে নিবূখদ্-

স্বর্ণময় প্রতিমা নির্ম্মাণ করিয়া বাবি রিবার প্রয়োজন নাই।

প্রান্তরে স্থাপন করিল। পরে রাজা সেবা করিলেই ঈশ্বর

পিত প্রতিমার প্রাণপ্রতিষ্ঠা করিতে গকে উদ্ধার করিতে

গণ ও শাসনকর্ত্তৃগণ ও অধিপতিগণ স হস্তহইতেও উদ্ধার

কোষাধ্যক্ষগণ ও ব্যবস্থাপকগণ ও, তথাপি, হে রাজন্,

শাধিপতিদিগকে সংগ্রহ করিতে করিব না ও তোমার

অপর রাজা নিবূখদ্নিৎসরের স্থাপিত প্রতিম ও।

প্রতিষ্ঠা করিতে অধ্যক্ষগণ ও শাসনকর্ত্তৃগণ ও অধিপতিগণ ও মহাবিচারকর্ত্তৃগণ ও কোষাধ্যক্ষগণ ও ব্যবস্থাপকগণ ও বিচারকর্ত্তৃগণ ও প্রদেশাধিপতিগণ একত্র হইল। পরে

---

১ প্রে ১৪ ; ৭-১৮।

তাহারা নিবূখদ্নিৎসরের স্থাপিত প্রতিমার সাক্ষাতে দাঁ-
ড়াইলে এক ঘোষক উচ্চৈঃস্বরে কহিল, হে লোকেরা,
হে নানাজাতিরা ও নানাভাষাবাদিরা, তোমাদের প্রতি এই
আজ্ঞা হইয়াছে। যে সময়ে তোমরা শৃঙ্গ ও বংশী ও
বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তম্বুর ইত্যাদি নানা প্রকার যন্ত্রের
বাদ্য শুন, তৎকালে নিবূখদ্নিৎসর্ রাজের স্থাপিত
স্বর্ণময় প্রতিমার সাক্ষাতে তোমরা উবুড় হইয়া প্রণাম
করিবা। যে কেহ উবুড় হইয়া প্রণাম না করিবে, সে তদ্দণ্ডে
প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত হইবে। অতএব লোকেরা যে
বীণা ও ভেরী ও মৃদঙ্গ প্রভৃতি নানা
তৎকালে সকল লোক ও নানাজা-
াদিরা উবুড় হইয়া নিবূখদ্নিৎসর্
প্রতিমাকে প্রণাম করিল।
ীয় লোক নিকটে আসিয়া যিহূদী-
কহিল। তাহারা রাজা নিবূখদ্নিৎ-
কহিল, হে রাজন্, চিরজীবী হউন।
জন শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী
নানা প্রকার যন্ত্রের বাদ্য [illegible], সে
তিমাকে প্রণাম করিবে; কিন্তু যে জন
করে, সে প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নিক্ষিপ্ত
[illegible] এই আজ্ঞা করিয়াছ। কিন্তু হে রাজন্,
বাবিল্ প্রদেশের কর্ত্তৃত্বপদে তোমার নিযুক্ত শদ্রক্ ও
মৈশক্ ও অবেদ্নগো নামে কতক যিহূদী লোক তোমাকে
না মানিয়া তোমার দেবগণের সেবা করে না, ও তুমি যে
স্বর্ণময় প্রতিমা স্থাপিত করিয়াছ, তাহারও পূজা করে না।

ইহা শুনিয়া নিবূখদ্‌নিৎসর্‌ ক্রুদ্ধ ও রাগাপন্ন হইয়া শদ্রুক্‌ ও মৈশক্‌ ও অবেদ্‌নিগোকে আনিতে আদেশ করিল; তাহাতে তাহারা রাজার নিকটে আনীত হইলে নিবূখ-দ্‌নিৎসর্‌ তাহাদিগকে এই কথা কহিল, হে শদ্রুক্‌ ও মৈ-শক্‌ ও অবেদ্‌নিগো, তোমরা আমার দেবগণের সেবা করিবা না, এবং আমি যে স্বর্ণময় প্রতিমা স্থাপন করিয়াছি, তাহারও পূজা করিবা না, এই কি তোমাদের অভিপ্রায়? কিন্তু এখনো যদি তোমরা প্রস্তুত হইয়া শৃঙ্গ ও বংশী ও বীণা ও ভেরী ও মৃদঙ্গ ও তম্বুর প্রভৃতির বাদ্য শুনিলে আমার নির্ম্মিত স্বর্ণপ্রতিমাকে উবুড় হইয়া প্র
কিন্তু যদি প্রণাম না কর, তবে তদ্দ
নিক্ষিপ্ত হইবা; তাহাতে আমার হ
উদ্ধার করিবে, এমন কোন্‌ দেবতা অ
মৈশক্‌ ও অবেদ্‌নিগো রাজাকে উ
নিৎসর, এ বিষয়ে আমাদের উত্তর ক
যদি হো হয়, তবে আমরা যাঁহার
পূজ অগ্নিকুণ্ডহইতে আমাদি
পা এবং হে রাজন্‌, তোমা
করিবেন। আর যদ্যপি না করেন
আমরা তোমার দেবগণের সেবা ক
স্থাপিত স্বর্ণপ্রতিমাকে পূজা করিব না, ইহা জ্ঞাত হ

তখন নিবূখদ্‌নিৎসর্‌ ক্রোধেতে পরিপূর্ণ হইয়া শদ্রুক ও মৈশক্‌ ও অবেদ্‌নিগোর প্রতিকূলে বিকটাকার মুখ করিয়া সাধারণ মত অপেক্ষা সপ্ত গুণ প্রজ্বলিত অগ্নিকুণ্ড প্রস্তুত করিতে আজ্ঞা দিল। এবং শদ্রুক্‌কে ও মৈ ক্‌কে

ও অবেদ্‌নিগোকে বন্ধন করিয়া প্রজ্বলিত অগ্নিকুণ্ডে নি-
ক্ষেপ করিতে সৈন্যের মধ্যে বলবান বীরদিগকে আজ্ঞা
করিল। অতএব এই পুরুষেরা পরিধেয় ও উত্তরীয় ও
উষ্ণীষ্‌ ও অন্য বস্ত্রে বস্ত্রান্বিত হইয়া প্রজ্বলিত অগ্নিকুণ্ডে
নিক্ষিপ্ত হইল। কিন্তু রাজার আজ্ঞা অতিদৃঢ় ও অগ্নিকুণ্ড
অতি উত্তপ্ত হওন প্রযুক্ত, যে লোকেরা শদ্রুক্‌কে ও মৈশ-
ক্‌কে ও অবেদ্‌নিগোকে অগ্নিকুণ্ডে নিক্ষেপ করিল, তাহা-
রাই অগ্নিশিখাতে হত হইল। এই রূপে শদ্রুক্‌ ও মৈশক্‌
ও অবেদ্‌নিগো, এই তিন জন বদ্ধ হইয়া প্রজ্বলিত অগ্নি-
কুণ্ডের মধ্যে নিক্ষিপ্ত হইল। ১

---

৪ ঈশ্বর কর্তৃক অগ্নিহইতে তাহাদের উদ্ধার।

পরে রাজা নিবূখদ্‌নিৎসর্‌ চমৎকৃত হইয়া ত্বরায়
উঠিয়া মন্ত্রিদিগকে কহিল, আমরা কি তিন জনকে বদ্ধ
করিয়া অগ্নিকুণ্ডে ফেলি নাই? তাহারা কহিল, হাঁ মহা-
রাজ। তখন রাজা কহিল, তবে চারি জনকে কেন দেখি-
তেছি? ইহারা মুক্ত হইয়া অগ্নির মধ্যে গমনাগমন করি-
তেছে; তাহাদের কাহারো কোন ক্ষতি হয় নাই; বিশে-
ষত ঈশ্বরের পুত্রের ন্যায় চতুর্থ জনের মূর্ত্তি হইয়াছে।

তখন রাজা নিবূখদ্‌নিৎসর্‌ ঐ প্রজ্বলিত অগ্নিকুণ্ডের
দ্বারের নিকটে আসিয়া হে সর্ব্বোপরিস্থ ঈশ্বরের সেবক,
হে শদ্রুক, ও মৈশক্‌ ও অবেদ্‌নিগো তোমরা বাহির হইয়া
আইস; ইহা বলিয়া আহ্বান করিল। তাহাতে শদ্রুক্‌
ও মৈশক্‌ ও অবেদ্‌নিগো অগ্নিহইতে নির্গত হইলে অধ্য-

---

১ দা ৩, ১০-২৩।

ষ্কগণ ও অধিপতিগণ ও শাসনকর্ত্তৃগণ ও রাজকর্ত্তৃগণ একত্র হইয়া তাহাদের এই তিন জনকে অবলোকন করিলে তাহাদের শরীরে অগ্নির কোন চিহ্ন নাই, এবং তাহাদের মস্তকের এক কেশও দগ্ধ হয় নাই, ও বস্ত্রও বিকৃত হয় নাই, এবং তাহাদের গাত্রে অগ্নির গন্ধও নাই ইহা দেখিল।

পরে নিবূখদ্‌নিৎসর্‌ এই কথা কহিল, শদ্রুক্‌ ও মৈশক্‌ ও অবেদ্‌নিগোর ঈশ্বর ধন্য; তিনি আপন দূত প্রেরণ করিয়া যে দাসেরা তাঁহাকে বিশ্বাস করিয়া রাজবাক্য অন্যথা করিল, এবং যেন আপন ঈশ্বর ব্যতিরেকে অন্য কোন দেবগণের সেবা ও পূজা না করে, এই নিমিত্তে আপন শরীর দিল, তাহাদিগকে উদ্ধার করিলেন। আর ভিন্নজাতি কি ভিন্নভাষাবাদী যে কোন লোক শদ্রুক্‌ ও মৈশক্‌ ও অবেদ্‌নিগোর ঈশ্বরের প্রতিকূলে কোন ভ্রান্তির কথা কহিবে, তাহারা খণ্ড বিখণ্ড হইবে, ও তাহাদের ঘর বাটী সারের ঢিবি করা যাইবে, এই নিয়ম আমি স্থির করিতেছি; কেননা এ প্রকার উদ্ধার করিতে কোন দেবতার সাধ্য নাই। তখন রাজা বাবিল্‌ প্রদেশে শদ্রুক ও মৈশক্‌ অবেদ্‌নিগোর পদবৃদ্ধি করিয়াদিল। ১

---

১৬ অধ্যায়।

## পৃথিবীহইতে প্রতিমা পূজার মূলোৎপাটন হইবে, ইহা ঈশ্বরকর্ত্তৃক নিরূপিত।

তুমি পরমেশ্বরের ভয়ানকত্বহইতে ও তাঁহার মহিমার তেজহইতে পর্ব্বতে প্রবেশ করিয়া ধূলাতে লুক্কায়িত

---

১ দা ৩; ২৪-৩০।

হও। মানুষের গর্ব্বিত দৃষ্টি খর্ব্ব হইবে, ও নশ্বর মনুষ্যের গর্ব্ব খর্ব্ব হইবে, এবং সেই দিনে কেবল পরমেশ্বর উন্নত হইবেন। কেননা সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের দিন মহৎ ও উচ্চ বস্তুর বিপরীত ও প্রত্যেক উন্নত বস্তুর বিপরীতে উপস্থিত হইবে; তাহাতে সে বস্তু নত হইবে?

তাহাতে মনুষ্যের উন্নতি নত হইবে, ও নশ্বর মনুষ্যের গর্ব্ব খর্ব্ব হইবে; সেই দিনে কেবল পরমেশ্বর উন্নত হইবেন। এবং প্রতিমাগণ সর্ব্বতোভাবে লুপ্ত হইবে। যখন পরমেশ্বর শঙ্কাদ্বারা পৃথিবীকে আঘাত করিতে উঠিবেন, তখন লোকেরা পরমেশ্বরের ভয়ানকত্বহইতে ও তাঁহার মহিমার তেজহইতে পর্ব্বতের গুহাতে ও ভূমির গর্ত্তে প্রবেশ করিবে। এবং যখন পরমেশ্বর শঙ্কাদ্বারা পৃথিবীকে আঘাত করিতে উঠিবেন, তখন মনুষ্যগণ পূজার্থে স্বহস্তে নির্ম্মিত স্বর্ণ রৌপ্যাদির প্রতিমাগণকে উন্দুর ও চামচিকার কাছে নিক্ষেপ করিয়া পরমেশ্বরের ভয়ানকত্বহইতে ও তাঁহার মহিমার তেজহইতে পর্ব্বতের গহ্বরে ও পর্ব্বতের ফাটাতে প্রবেশ করিবে। অতএব নাসাগ্রে প্রাণ ধারণ করে যে মনুষ্য, তাহাতে বিশ্বাস করিও না, কেননা সে কাহার মধ্যে গণ্য হইতে পারে? ১

সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, সেই দিনে আমি দেশহইতে দেবগণের নাম লুপ্ত করিব, তাহারা আর স্মরণে আসিবে না; এবং আমি মিথ্যা ভবিষ্যদ্বক্তৃগণকে ও অপবিত্র আত্মাকে দেশহইতে দূর করিব। ২

পৃথিবীর প্রান্তভাগ পর্য্যন্ত লোকেরা পরমেশ্বরকে স্মরণ

১ যিশ ২; ১০-১২ এবং ১৭-২২। ২ সিখ ১৩; ২।

করিয়া তাঁহার প্রতি ফিরিবে, ও অন্যান্য দেশীয় তাবৎ জাতিরা তাঁহার সাক্ষাতে ভজনা করিবে। যেহেতুক রাজ্য পরমেশ্বরের আছে, ও তিনি দেশীয়দের মধ্যে কর্তৃত্ব করেন। ১

এবং সূর্য্যের উদয়াচল অবধি অস্তাচল পর্য্যন্ত অন্য-দেশীয়দের মধ্যে আমার নাম গৌরবান্বিত হইবে, ও প্রত্যেক স্থানে আমার নামের উদ্দেশে ধূপ ও পবিত্র নৈবেদ্য উৎসৃষ্ট হইবে; সৈন্যাধ্যক্ষ পরমেশ্বর কহেন, অন্যদেশীয়দের মধ্যে আমার নাম গৌরবান্বিত হইবে। ২,

শেষকালে এইরূপ ঘটনা হইবে; পরমেশ্বরের গৃহের পর্ব্বত পর্ব্বতগণের শিখরের উপরে স্থাপিত হইবে ও উপপর্ব্বতহইতেও উচ্চীকৃত হইবে; তাহাতে তাবৎদেশীয় লোক স্রোতের ন্যায় তাহার প্রতি ধাবমান হইবে। এবং যাইতে২ অনেক২ জাতি কহিবে, 'আইস, আমরা পর-মেশ্বরের পর্ব্বতে, অর্থাৎ যাকূবের ঈশ্বরের মন্দিরে গমন করি; তিনি আমাদিগকে আপন পথের বিষয়ে শিক্ষা দিবেন তাহাতে আমরা তাঁহার মার্গে গমন করিব;' কেননা সিয়োন্‌হইতে শাস্ত্র ও যিরূশালম্‌হইতে পরমেশ্ব-রের বাক্য নির্গত হইবে। এবং তিনি অন্যদেশীয়দের বিচার করিবেন, এবং অনেক২ লোককে অনুযোগ করি-বেন, তাহাতে তাহারা আপন২ খড়্গ ভাঙ্গিয়া লাঙ্গলের ফাল নির্ম্মাণ করিবে, ও বড়শা ভাঙ্গিয়া কাস্ত্যা গড়িবে, এবং এক দেশীয় লোক অন্য দেশীয়দের বিপরীতে খড়্গ চালন করিবে না, তাহারা আর যুদ্ধ শিখিবে না। ৩

---

১ গী ২২; ২৭,২৮। ২ মল ১; ১১। ৩ যিশ ২; ২-৪।

১৭ অধ্যায়।

## প্রতিমাদি পরিত্যাগ করিয়া সত্য পরমেশ্বরের সেবা করিতে পৌত্তলিকদের প্রতি উপদেশ।

তখন তাহারা জিজ্ঞাসিল, ঈশ্বরের অভিমত কর্ম্ম করিতে আমাদের কি করা কর্ত্তব্য? তাহাতে যীশু উত্তর করিলেন, ঈশ্বর যাহাকে প্রেরণ করিয়াছেন, তাঁহাতে বিশ্বাস করা, এই ঈশ্বরের অভিমত কর্ম্ম। ১

প্রভু পরমেশ্বর এই কথা কহেন, তোমরা মন ফিরাও, ও আপনাদের দেবগণহইতে ফির ও আপনাদের তাবৎ ঘৃণার্হ কর্ম্মহইতে বিমুখ হও। ২

আর সেই পূর্ব্বকালীয় অজ্ঞানতার প্রতি ঈশ্বর দৃষ্টি না করিয়া এখন সর্ব্বত্র সকলকে মনঃপরিবর্ত্তন করিতে আজ্ঞা দিতেছেন; যেহেতুক আপন নিযোজিত এক পুরুষদ্বারা যে দিনে তিনি ন্যায়েতে পৃথিবীস্থ তাবৎ লোকের বিচার করিবেন এমন এক দিন নিরূপণ করিয়াছেন, আর তাঁহাকে কবরহইতে উত্থিত করাতে তদ্বিষয়ে সকলের নিকটে প্রমাণ দিয়াছেন। ৩

হে পৃথিবীর অন্তস্থিত লোক সকল, আমার প্রতি দৃষ্টি করিয়া পরিত্রাণ পাও, কেননা আমিই ঈশ্বর, আমা ব্যতিরেকে আর কেহ নাই। আমি আপন নাম লইয়া শপথ করি, এবং আমার মুখহইতে সত্য অমোঘ বাক্য নির্গত হয়; আমার কাছে প্রত্যেক জন হাঁটু পাতিবে, ও

---

১ যো ৬; ২৮,২৯। ২ যিহি ১৪; ৬। ৩ প্রে ১৭; ৩০,৩১।

জিহ্বাদ্বারা শপথ করিয়া এই কথা কহিবে, কেবল পর-মেশ্বরেতে আমার ধর্ম্ম ও শক্তি আছে; এবং যাহারা তাহার প্রতি বিরক্ত হইয়াছিল, তাহারা আসিয়া লজ্জিত হইবে। কিন্তু ইস্রায়েলের তাবৎ বংশ পরমেশ্বরের দ্বারা পুণ্যবান গণিত হইবে, ও তাঁহার গুণের প্রশংসা করিবে। ১

এখন তোমরা পরমেশ্বরকে ভয় কর, এবং সরল অন্তঃ-করণে ও সত্যতাতে তাঁহার সেবা কর, এবং তোমাদের পূর্ব্বপুরুষেরা মহানদীর ওপারে ও মিসরে যে দেবগণের সেবা করিল, তাহাদিগকে দূর করিয়া পরমেশ্বরের সেবা কর। ২

তখন তোমাদের উপরে নির্ম্মল জল ছিটাইয়া দিব, তাহাতে তোমরা নির্ম্মল হইবা; আমি তোমাদের তাবৎ মল ও প্রতিমাহইতে তোমাদিগকে পরিষ্কৃত করিব। এবং তোমাদিগকে এক নূতন অন্তঃকরণ দিব, ও তোমাদের অন্তরে এক নূতন আত্মা স্থাপন করিব, ও তোমাদের মাংসের মধ্যহইতে প্রস্তরময় অন্তঃকরণ লইয়া মাংসময় অন্তঃকরণ দিব। ও তোমাদের অন্তরে আপন আত্মাকে স্থাপন করিব ও তোমাদিগকে আপন ব্যবস্থাপথে চালা-ইব; তোমরা আমার আজ্ঞা মানিয়া তাহা পালন করিবা। ৩

অদ্বিতীয় সত্য ঈশ্বর যে তুমি, আর তোমার প্রেরিত যীশু খ্রীষ্ট এই উভয়ের পরিচয় পাইলে অনন্ত পরমায়ু হয়। ৪

১ যিশ ৪৫; ২১-২৫। ২ যি ২৪; ১৪। ৩ যিহি ৩৬; ২৫-২৭।
৪ যো ১৭; ৩।

তুমি ঈশ্বরের সহিত পরিচিত হইয়া শান্ত হও, তাহাতে তোমার মঙ্গল হইবে। ১

পরমেশ্বর দয়াময় ও অনুগ্রাহক এবং ক্রোধেতে ধীর ও অনুগ্রহেতে মহান্। তিনি নিরন্তর ক্রোধ করেন না ও সর্ব্বদা অনুযোগ করেন না। তিনি আমাদের অপরাধানুসারে প্রতিফল ও পাপানুসারে দণ্ড করেন না। ২

যে সময়ে পরমেশ্বরকে পাওয়া যাইতে পারে, এমন সময়ে তাঁহার অন্বেষণ কর; ও তিনি নিকটে থাকিতে তাঁহার কাছে প্রার্থনা কর। পাপি লোক আপন আচরণ ও অধার্ম্মিক লোক আপন মনের সংকল্প ত্যাগ করিয়া পরমেশ্বরের প্রতি ফিরুক, তাহাতে তিনি তাহার প্রতি দয়া করিবেন; আমাদের ঈশ্বরের প্রতি ফিরুক, কেননা তিনি অতিশয় ক্ষমাবান। পরমেশ্বর কহেন, আমার মনের সংকল্প তোমাদের সংকল্পের তুল্য নয়, এবং তোমাদের পথও আমার পথের মত নয়। পৃথিবীহইতে আকাশমণ্ডল যেমন উচ্চ, তোমাদের পথহইতে আমার পথ তদ্রূপ উচ্চ, এবং তোমাদের মনের সঙ্কল্পহইতে আমার সঙ্কল্প তদ্রূপ (উন্নত) হয়। ৩

---

১৮ অধ্যায়।

## মনুষ্যদের অদ্বিতীয় ত্রাণকর্ত্তা যে যীশু খ্রীষ্ট তাঁহারই কথা।

দেখ, এক রাজা ধর্ম্মেতে রাজত্ব করিবেন, ও অধ্যক্ষগণ ন্যায়েতে শাসন করিবে। যেমন ঝড়েতে আচ্ছাদন ও

১ যূব ২২; ২১। ২ গী ১০৩; ৮-১০। ৩ যিশ ৫৫; ৬-৯।

ঝড় বৃষ্টিতে আশ্রয় ও শুষ্ক স্থানে জলস্রোত ও মরীচিকা ভূমিতে মহাপর্ব্বতের ছায়া, ঐ পুরুষ তদ্রূপ হইবেন। ১

আমার ধৃত ও মনোনীত ও মনস্তুষ্টিজনক সেবককে দেখ, আমি তাঁহার উপরে আপন আত্মাকে স্থায়ী করিব, তাহাতে তিনি অন্যদেশীয়দের নিকটে রাজ্যনীতি প্রচলিত করিবেন। ২

কেননা আমাদের নিমিত্তে এক বালক জন্মিবে, ও আমাদিগকে এক পুত্র দত্ত হইবে, ও তাঁহার স্কন্ধের উপরে তাবৎ কর্তৃত্বভার সমর্পিত হইবে; ও তাঁহার নাম আশ্চর্য্য ও মন্ত্রী ও বলবান্ ঈশ্বর ও অনন্তকালীয় পিতা ও শান্তিরূপ রাজা হইবে এবং তাঁহার কর্তৃত্ব ও মঙ্গলবৃদ্ধির শেষ হইবে না, এবং তিনি দায়ূদের সিংহাসনের ও রাজ্যের কর্ত্তা হইয়া বিচারেতে ও ন্যায়েতে তাহা এখন ও সদাকাল নিরূপণ ও স্থাপন করিবেন; এবং সৈন্যাধ্যক্ষ পরমেশ্বরের উদ্‌যোগেতে এই সকল সিদ্ধ হইবে। ৩

অনন্তর যে ২ মেষপালক ঐ প্রদেশের প্রান্তরে থাকিয়া রাত্রিযোগে আপন ২ পাল রক্ষার্থ প্রহরিকর্ম্ম করিতেছিল, তাহাদের নিকটে পরমেশ্বরের এক দূত আসিয়া উপস্থিত হইল, এবং চতুষ্পার্শ্বে পরমেশ্বরের তেজঃ প্রকাশিত হইল, তাহাতে তাহারা অতি শঙ্কাকুল হইলে সে দূত কহিল, ভয় করিও না, কারণ দেখ, যাহাতে তাবৎ লোকের আনন্দ হইবে, এমন সুসমাচার আমি তোমাদিগকে জানাইতেছি; ফলতঃ অদ্য দায়ূদের নগরে তোমাদের নিমিত্তে ত্রাণকর্ত্তা অর্থাৎ অভিষিক্ত প্রভু জন্মিলেন। ৪

---

১ যশ ৩২; ১,২। ২ যিশ ৪২; ১। ৩ যিশ ৯; ৬,৭। ১ লূক ২; ৮-১০।

আর যাহাদের মধ্যে আমি প্রধান এমত পাপি লোকদের পরিত্রাণের জন্যে খ্রীষ্ট যীশু জগতে অবতীর্ণ হইলেন, এ কথা বিশ্বসনীয় ও সকলের গ্রহণীয়। ১

অদ্বিতীয় এক ঈশ্বর আছেন, এবং তাঁহার ও মনুষ্যদের মধ্যে অদ্বিতীয় এক মধ্যস্থ যে পুরুষ খ্রীষ্ট যীশু তিনি সকলের মুক্তির মূল্যার্থে আপনার প্রাণ দিলেন। ২

ঈশ্বর জগতের প্রতি এমন প্রেম করিলেন, যে আপনার অদ্বিতীয় পুত্রকে প্রদান করিলেন; তাহাতে যে কেহ তাঁহাতে বিশ্বাস করিবে, সে বিনষ্ট না হইয়া অনন্ত পরমায়ুঃ পাইবে। ৩

তিনি আমাদের আজ্ঞালঙ্ঘনের নিমিত্তে ক্ষতবিশিষ্ট ও আমাদের অধর্ম্মের নিমিত্তে চূর্ণ হইলেন, এবং আমাদের মঙ্গলজনক শাস্তি তাঁহার উপরে বর্ত্তিল, এবং তাঁহার ক্ষতদ্বারা আমাদের স্বাস্থ্য হয়। আমরা সকলে মেষগণের ন্যায় ভ্রমণকারী, ও প্রত্যেক জন স্বপথগামী হইলে পরমেশ্বর আমাদের সকলের এই অধর্ম্মের ফল তাঁহার উপরে বর্ত্তাইলেন। এবং আদায় করা গেলে তিনি তাহা দিলেন। ৪ তদ্ভিন্ন আর কাহারোহইতে পরিত্রাণ হইতে পারে না; যাহাদ্বারা ত্রাণ পাওয়া যায়, ভূমণ্ডলস্থ লোকদের মধ্যে এমন আর কোন নামই প্রচারিত হয় নাই। ৫ অতএব হে ভ্রাতৃগণ, এই ব্যক্তিদ্বারা পাপমোচন হয়, ইহা তোমাদের প্রতি প্রচারিত আছে। ফলতঃ মূসার ব্যবস্থাতে তোমরা যে২ দোষহইতে মুক্ত

১। ১ তি ১; ১৫। ২। ১ তি ২; ৫.৬। ৩ যো ৩; ১৬। ৪ যিশ ৫৩; ৫,৬। ৫ প্রে ৪; ১২।

হইতে পার না, সে সকল দোষহইতে এই ব্যক্তিতে প্রত্যেক বিশ্বাসকারী মুক্ত হইতে পারে, এই কথা তোমরা জ্ঞাত হও। ১ আর যে কেহ তাঁহাতে বিশ্বাস করে, সে দণ্ডের পাত্র হয় না; কিন্তু যে কেহ বিশ্বাস না করে, সে এখনি দণ্ডের পাত্র হয়, যেহেতুক সে ঈশ্বরের অদ্বিতীয় পুত্রের নামে প্রত্যয় করে না। ২

হে পরিশ্রান্ত ও ভারাক্রান্ত লোক সকল, তোমরা আমার নিকটে আইস, আমি তোমাদিগকে বিশ্রাম দিব। আমি ক্ষান্তশাল ও নম্রমনা এই হেতুক আমার যোঁয়ালি আপনাদের উপরে ধরিয়া লও, এবং আমার স্থানে শিক্ষা কর; তাহাতে তোমরা আপন২ মনেতে বিশ্রাম পাইবা। ৩

ঈশ্বরের যে পরিত্রাণজনক অনুগ্রহ সর্ব্ব (প্রকার) মনুষ্যদের নিকটে প্রকাশিত হইয়াছে, তাহাদ্বারা আমরা যেন অধর্ম্ম ও সাংসারিক অভিলাষ ত্যাগ করণ পূর্ব্বক এই বর্ত্তমান সংসারে সতর্ক ও ন্যায়বান্ ও ঈশ্বরসেবক হইয়া কাল যাপন করি, এবং আনন্দপ্রাপ্তির প্রত্যাশাতে আপনাদের মহান্ ঈশ্বর ত্রাণকর্ত্তা যীশু খ্রীষ্টের তেজঃপ্রকাশ হওনের অপেক্ষাতে থাকি, এমন শিক্ষা পাইতেছি। কারণ তিনি আমাদিগকে সমুদয় পাপহইতে মুক্ত করিতে এবং সৎক্রিয়াতে উদ্যোগি আপনার কোন বিশেষ লোকদিগকে পবিত্র করিতে আমাদের জন্যে আপন প্রাণ দিলেন। ৪

---

১ প্রে ১৩; ৩৮, ৩৯। ২ যো ৩; ১৮। ৩ ম ১১; ২৮,২৯। ৪ তীত ২; ১১-১৪।

তোমরা ঊর্দ্ধস্থ আকাশমণ্ডলকে দেখ, ও নীচস্থ পৃথি-বীর প্রতি দৃষ্টি কর, ঐ আকাশ ধূমের ন্যায় অন্তর্হিত হইবে, ও পৃথিবী বস্ত্রের ন্যায় জীর্ণ হইবে, ও তন্নিবাসি-গণ এই প্রকারে বিনষ্ট হইবে; কিন্তু আমার পরিত্রাণ নিত্যস্থায়ী হইবে, ও আমার ধর্ম্ম লোপ পাইবে না। ১ অতএব সভয় হইয়া পরমেশ্বরের সেবা কর, সকম্প হইয়া আনন্দিত হও। তিনি যেন ক্রুদ্ধ না হন ও ক্ষণমাত্রে তাঁহার ক্রোধানল প্রজ্বলিত হইলে তোমরা যেন পথে বিনষ্ট না হও, তন্নিমিত্তে পুত্রকে চুম্বন কর; যে সকল লোক তাঁ-হাতে আশ্রয় লয় তাহারাই ধন্য। ২

---

১৯ অধ্যায়।

## পরমেশ্বরের রাজত্ব সর্ব্বত্র প্রকাশ করিতে উপদেশ।

পরমেশ্বরের উদ্দেশে নূতন গীত গান কর; হে পৃথি-বীস্থ লোক সকল, পরমেশ্বরের উদ্দেশে গান কর। পর-মেশ্বরের উদ্দেশে গান কর ও তাঁহার নামের ধন্যবাদ কর ও তাঁহার কৃত পরিত্রাণ দিনে ২ প্রকাশ কর। এবং অন্য দেশীয়দের মধ্যে তাঁহার গৌরবের ও তাবৎ লো-কের নিকটে তাঁহার আশ্চর্য্য ক্রিয়ার বর্ণনা কর। পর-মেশ্বর মহান্ ও অতি প্রশংসনীয় ও তাবদ্দেবতা অপে-ক্ষা ভয়ার্হ। অন্যদেশীয়দের দেবতা সকল নগণ্যের মধ্যে কিন্তু পরমেশ্বর আকাশের সৃষ্টিকর্ত্তা এবং প্রশংসা ও

---

১ যিশ ৫১; ৬। ২ গী ২; ১১,১২।

সমাদর তাঁহার অগ্রবর্ত্তী, ও তাঁহার ধর্ম্মধামে শক্তি ও সৌন্দর্য্য থাকে। হে মনুষ্য সন্তানবর্গ তোমরা পরমেশ্বরের প্রশংসা কর। ও পরমেশ্বরের মহিমা ও পরাক্রমের প্রশংসা কর। এবং ঈশ্বরের নামের মহিমার প্রশংসা কর, ও নৈবেদ্য সঙ্গে লইয়া তাঁহার মন্দিরে গমন কর*। হে পৃথিবীস্থ লোক সকল, পবিত্র আদরেতে পরমেশ্বরকে প্রণাম কর, ও তাঁহার সাক্ষাতে ভীত হও। এবং পরমেশ্বর রাজত্ব করেন, এ কথা দেশীয়দিগকে বল; তিনি এমন রূপে জগতের স্থিতি করেন, যে সে কদাচ বিচলিত হইবে না; তিনি যথার্থরূপে লোকদের বিচার করেন। অতএব স্বর্গীয় লোকেরা আনন্দ করুক, ও পৃথিবীস্থ লোকেরা উল্লাসিত হউক; এবং সমুদ্র ও তন্মধ্যস্থ সকল গর্জ্জন করুক। এবং ক্ষেত্র ও ক্ষেত্রস্থ সকল আহ্লাদিত হউক, ও বনস্থ বৃক্ষগণ পরমেশ্বরের সাক্ষাতে উচ্চধ্বনি করুক। তিনি আসিতেছেন, ও পৃথিবীর বিচার করিতে আসিতেছেন; তিনি ধর্ম্মে জগতের ও সত্যতাতে আপন লোকদের বিচার করিবেন।

সমাপ্ত।

---

* ১ গী ১৬; ১.১৩।